ওয়েলফেয়ার টেকনোলজিস সার্ভিসেস লিমিটেড
ওয়েলফেয়ার ফ্যামিলি বাংলাদেশ
প্রধান কার্যালয়
বিজ্ঞপ্তি

ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস নীতিমালা, ২০২৫

তারিখ: **১৭** আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ / **০১** জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

নং: ওয়েলফেয়ার টিএসএল/প্রশা/এনজিও সংস্থা/স্বেচ্ছাসেবী কার্যক্রম/বিজ্ঞপ্তি-২০২৫.০০.০৬-২৪২ সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ওয়েলফেয়ার টেকনোলজিস সার্ভিসেস লিমিটেড (ব্র্যান্ডিং: ওয়েলফেয়ার ফ্যামিলি বাংলাদেশ) এর নেতৃত্ব ও তত্ত্বাবধানে **ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস নীতিমালা, ২০২৫** প্রকাশ ও বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়েছে। নীতিমালার কার্যকর বাস্তবায়নে সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, অধিদপ্তর এবং স্থানীয় অফিসসমূহের পাশাপাশি বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক বেসরকারি উন্নয়ন সংস্থা (এনজিও) অংশীদার হিসেবে সহযোগিতা করছে। দারিদ্র্য বিমোচন, টেকসই উন্নয়ন এবং সামগ্রিক সামাজিক ও অর্থনৈতিক অগ্রগতির লক্ষ্যে দেশি-বিদেশি দাতা সংস্থা, বিনিয়োগকারী ও অংশীদারদের সহযোগিতায় এবং লক্ষ্যভুক্ত জনগোষ্ঠীর সক্রিয় অংশগ্রহণে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি প্রকল্পসমূহ বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

প্রতিষ্ঠান ও জনস্বার্থে এই বিজ্ঞপ্তি জারি করা হলো।

প্রতিষ্ঠান ও জনস্বার্থে,

নুর মোহাম্মদ সিদ্দিকী
চেয়ারম্যান (গ্রেড-১)

প্রথম অধ্যায়
সংক্ষিপ্ত শিরোনাম, প্রয়োগ, প্রবর্তন ও সংজ্ঞা

১। সংক্ষিপ্ত শিরোনাম, প্রয়োগ ও প্রবর্তন

(১) এই নীতিমালাটি **ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস নীতিমালা, ২০২৫** নামে অভিহিত হবে।

(২) প্রতিষ্ঠান বা সংস্থার অন্য কোনো নীতিমালা, গেজেট বিজ্ঞপ্তি, চুক্তি বা সমজাতীয় দলিলে ভিন্নরূপ কোনো বিধান না থাকলে, এই নীতিমালার ধারা, উপধারা ও অ-উপধারা যথাসম্ভব প্রযোজ্য আইন, বিধিমালা ও নীতির সাথে সামঞ্জস্য রেখে সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, দেশি-বিদেশি এনজিও, কোম্পানি, প্রতিষ্ঠান ও সংশ্লিষ্ট সংস্থাসমূহের জন্য কার্যকর হবে; যদি না নির্দিষ্ট কোনো আইন বা চুক্তিতে ভিন্ন কিছু নির্ধারিত থাকে।

(৩) এই নীতিমালাটি অবিলম্বে কার্যকর করা হবে।

২। সংজ্ঞা

এই নীতিমালার নির্দিষ্ট কিছু শব্দ বা বিষয়ের সঠিক ও সংক্ষিপ্ত ব্যাখা বা পরিচয় নিম্নে দেওয়া হলো:

(১) **ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস নীতিমালা, ২০২৫ বলতে বোঝাবে-** সমগ্র বাংলাদেশে ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস এর কার্যক্রম পরিচালনার লক্ষ্যে 'ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস নীতিমালা, ২০২৫' প্রকাশনাকে।

(২) **মন্ত্রণালয় বলতে বোঝাবে-** গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়কে।

(৩) **প্রতিষ্ঠান বা সংস্থা বা কর্তৃপক্ষ বলতে বোঝাবে-** এই নীতিমালার আওতাভুক্ত কোম্পানি ও এনজিওসমূহ, যারা যৌথভাবে কার্যক্রম পরিচালনা করবে।

(৪) **ওয়েলফেয়ার ম্যানেজমেন্ট বা বোর্ড অব ডাইরেক্টরস বলতে বোঝাবে-** ওয়েলফেয়ার টেকনোলজিস সার্ভিসেস লিমিটেড পরিচালনার প্রধান বা মূল পর্ষদ সদস্যদেরকে।

(৫) **ওয়েলফেয়ার ফ্যামিলি ম্যানেজমেন্ট বলতে বোঝাবে-** ওয়েলফেয়ার ম্যানেজমেন্ট বা বোর্ড অব ডাইরেক্টরস কর্তৃক গঠিত ওয়েলফেয়ার ফ্যামিলি ম্যানেজমেন্টকে।

(৬) **কোম্পানি বলতে বোঝাবে-** ওয়েলফেয়ার টেকনোলজিস সার্ভিসেস লিমিটেড ও এর আওতাভুক্ত যেকোনো নিবন্ধিত কোম্পানিকে।

(৭) **এনজিও সংস্থা বলতে বোঝাবে-** ওয়েলফেয়ার ফ্যামিলি বাংলাদেশ, সিএইচটি উইমেন ফোরাম এবং ভবিষ্যতে আওতাভুক্ত সকল এনজিও সংস্থাকে, যা এনজিও বিষয়ক ব্যুরো থেকে নিবন্ধনপ্রাপ্ত।

(৮) **প্রতিষ্ঠান বা সংস্থা বা সংগঠন বলতে বোঝাবে-** ওয়েলফেয়ার টেকনোলজিস সার্ভিসেস লিমিটেড, ওয়েলফেয়ার ফ্যামিলি বাংলাদেশ, সিএইচটি উইমেন ফোরাম ও আওতাভুক্ত প্রতিষ্ঠান বা সংস্থার বিভিন্ন প্রকল্প, কর্মসূচি ও কার্যক্রম বাস্তবায়নে অংশগ্রহণকারী ও সহযোগী সংস্থা বা সংগঠনসমূহকে।

(৯) **উন্নয়ন সহযোগী (Development Partner) বলতে বোঝাবে-** যে ব্যক্তি বা প্রতিষ্ঠান পারস্পরিক সমঝোতার ভিত্তিতে পরিকল্পনা, অর্থায়ন, কারিগরি সহায়তা অথবা বিনিয়োগ বহির্ভূত অংশীদার হিসেবে ভূমিকা রাখে এবং সম্পদের সুষম ব্যবহার নিশ্চিত করে।

(১০) **রেজিস্ট্রেশন বা সাবস্ক্রিপশন কর্তৃপক্ষ বলতে বোঝাবে-** ফিনটেক আইসিটি রেজিস্ট্রেশন অ্যান্ড সাবস্ক্রিপশন সার্ভিসেস লিমিটেডকে।

(১১) **ভর্তি ফি বা প্রকল্প, কর্মসূচি রেজিস্ট্রেশন ও সাবস্ক্রিপশন বলতে বোঝাবে-** ওয়েলফেয়ার কমিউনিটি ভিত্তিক কার্যক্রমের আওতায় সুবিধাভোগী সদস্যদের নিকট হতে গ্রহণযোগ্য এককালীন, অফেরতযোগ্য রেজিস্ট্রেশন ফি ও সাবস্ক্রিপশন ফি, যা সংশ্লিষ্ট প্রকল্প বা কর্মসূচিতে অংশগ্রহণ ও অন্তর্ভুক্তির পূর্বশর্ত হিসেবে বিবেচিত হবে।

(১২) **ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস কর্তৃপক্ষ বলতে বোঝাবে-** ওয়েলফেয়ার ম্যানেজমেন্ট বা ওয়েলফেয়ার ফ্যামিলি ম্যানেজমেন্ট অথবা এই 'ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস নীতিমালা, ২০২৫' এর অধীন প্রত্যক্ষ বা পরোক্ষ কাজ বা কার্যাবলি সম্পাদন করার জন্য বিভাগীয় প্রধান কর্মকর্তাগণকে।

(১৩) **ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস বলতে বোঝাবে-** ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস নীতিমালা, ২০২৫ এর আওতাভুক্ত সকল প্রকল্প, কর্মসূচি ও কার্যক্রমকে।

(১৪) **দান-অনুদান বলতে বোঝাবে-** যেকোনো সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, দেশি-বিদেশি এনজিও, কোম্পানি, প্রতিষ্ঠান ও সংশ্লিষ্ট সংস্থাসমূহ অথবা কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত অর্থ বা সম্পদ, যা পুনঃপ্রদানের বাধ্যবাধকতা ব্যতিরেকে প্রকল্পের কল্যাণে ব্যবহৃত হয়।

(১৫) **বিনিয়োগ বলতে বোঝাবে-** প্রকল্প বা উদ্যোগের আর্থ-সামাজিক উন্নয়নের উদ্দেশ্যে ব্যক্তিগত বা প্রাতিষ্ঠানিক আর্থিক বা সম্পদীয় অংশগ্রহণ, যার মাধ্যমে আয় বা মুনাফা প্রত্যাশিত হয়।

(১৬) **ঋণ বলতে বোঝাবে-** নির্ধারিত চুক্তির ভিত্তিতে প্রদত্ত অর্থ বা সম্পদ, যা নির্ধারিত সময় ও শর্তে ফেরতযোগ্য।

(১৭) **অ্যাপ বলতে বোঝাবে-** ওয়েলফেয়ার টেকনোলজিস সার্ভিসেস লিমিটেড এর একক মালিকানাধীন ও নিয়ন্ত্রণাধীন 'My Welfare App' এবং ভবিষ্যতে প্রতিষ্ঠান বা সংস্থার কার্যক্রম পরিচালনার উদ্দেশ্যে ব্যবহৃত যেকোনো অ্যাপ্লিকেশন।

(১৮) **ওয়েবসাইট বলতে বোঝাবে-** ওয়েলফেয়ার টেকনোলজিস সার্ভিসেস লিমিটেড এর একক মালিকানাধীন ও নিয়ন্ত্রণাধীন ওয়েবসাইটসমূহ, যেমন: welfarebd.org, welfarefamily.org, job.welfarefamily.org এবং welfare.com.bd পাশাপাশি ভবিষ্যতে প্রতিষ্ঠান বা সংস্থা কর্তৃক কার্যক্রম পরিচালনার উদ্দেশ্যে আওতাভুক্ত যেকোনো ওয়েবসাইট।

(১৯) **ওয়েলফেয়ার সফটওয়্যার বলতে বোঝাবে-** ওয়েলফেয়ার টেকনোলজিস সার্ভিসেস লিমিটেড এর একক মালিকানাধীন ও নিয়ন্ত্রণাধীন কাস্টমাইজড সফটওয়্যার এবং ভবিষ্যতে প্রতিষ্ঠান বা সংস্থা কর্তৃক কার্যক্রম পরিচালনার উদ্দেশ্যে আওতাভুক্ত যেকোনো সফটওয়্যার।

(২০) **নিবন্ধন সদস্য সংগ্রহ বলতে বোঝাবে-** My Welfare App, welfarebd.org এবং সংশ্লিষ্ট যেকোনো অ্যাপ বা ওয়েবসাইটের মাধ্যমে প্রতিষ্ঠান বা সংস্থার প্রকল্প, কর্মসূচি ও কার্যক্রম বাস্তবায়নের উদ্দেশ্যে কমিউনিটি ভিত্তিক সদস্য অন্তর্ভুক্তিকরণ প্রক্রিয়া।

(২১) **কমিউনিটি ভিত্তিক সদস্য বলতে বোঝাবে-** প্রতিষ্ঠান বা সংস্থার বিভিন্ন প্রকার প্রকল্প, কর্মসূচি ও কার্যক্রম পরিচালনায় অন্তর্ভুক্ত ক্যাটাগরি ভিত্তিক সকল কমিউনিটিকে।

(২২) **ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস অংশীদারিত্ব ও সমন্বয় বলতে বোঝাবে-** এই নীতিমালার আওতায় দেশ ও বিদেশের এনজিও, কোম্পানি, প্রতিষ্ঠান ও সংস্থাসমূহের অংশীদারিত্বে সমাজসেবামূলক কার্যক্রম পরিচালনায় সহযোগিতা গ্রহণ।

দ্বিতীয় অধ্যায়
প্রস্তাবনা, রূপকল্প, উদ্দেশ্য ও কৌশলগত উদ্দেশ্যসমূহ

৩। প্রতিষ্ঠান বা সংস্থার নাম ও ব্র্যান্ডিং পরিচিতি

(১) **প্রতিষ্ঠান ও সংস্থার নাম:** ওয়েলফেয়ার টেকনোলজিস সার্ভিসেস লিমিটেড ও ওয়েলফেয়ার ফ্যামিলি বাংলাদেশ।

(২) **ব্র্যান্ডিং পরিচিতি ও সংক্ষিপ্ত নাম:** ওয়েলফেয়ার, ওয়েলফেয়ার ফ্যামিলি, WTSL, WFB-এই নামগুলো প্রতিষ্ঠান বা সংস্থার বিভিন্ন স্তরে পরিচিতি ও কার্যক্রমে ব্যবহৃত।

৪। ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস কার্যক্রম বাস্তবায়নের রূপকল্প

ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে সমাজের বিদ্যমান সমস্যাগুলো চিহ্নিত করে সেগুলোর সমাধানকেন্দ্রিক ধারণা প্রণয়ন করে ২০২৫ থেকে ২১২৫ সাল পর্যন্ত একটি দীর্ঘমেয়াদি কার্যকাল নির্ধারণ করা হয়েছে, যার আওতায় বিভিন্ন প্রকল্প, কর্মসূচি ও কার্যক্রম বাস্তবায়ন করা হবে। এসব উদ্যোগ সামাজিক সেবামূলক কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে সমাজের অবহেলিত ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন করা সম্ভব। এ রূপকল্পে স্থানীয় চাহিদা অনুযায়ী শিক্ষা, স্বাস্থ্য, কর্মসংস্থান, প্রতিবন্ধী সহায়তা, নারী ও শিশু সুরক্ষা এবং প্রবীণ কল্যাণকে অগ্রাধিকার দেওয়া হবে। সরকারি-বেসরকারি অংশীদারিত্ব, আন্তর্জাতিক সহযোগিতা এবং স্থানীয় কমিউনিটির সম্পৃক্ততার মাধ্যমে আর্থিক ও মানবসম্পদ সংগ্রহ করে কার্যক্রম বাস্তবায়ন করা হবে। প্রযুক্তি নির্ভর সেবা প্রদান, দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ ও পুনর্বাসন কার্যক্রমের মাধ্যমে উপকারভোগীদের আত্মনির্ভরশীলতা নিশ্চিত করা হবে। পাশাপাশি স্বচ্ছতা ও জবাবদিহিতা বজায় রাখতে নিয়মিত পর্যবেক্ষণ ও মূল্যায়ন কার্যক্রম চালু থাকবে। দীর্ঘমেয়াদে এ কার্যক্রম একটি স্বনির্ভর, ন্যায়ভিত্তিক ও টেকসই সমাজ গঠনে সহায়তা করবে।

৫। ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস কার্যক্রম পরিচালনার উদ্দেশ্যসমূহ

ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস কার্যক্রম পরিচালনার উদ্দেশ্যসমূহ নিম্নরূপ:

(১) **মানবিক কল্যাণ নিশ্চিতকরণ:** দরিদ্র, অসহায়, প্রান্তিক জনগোষ্ঠী, নারী, শিশু ও প্রতিবন্ধীদের জীবনমান উন্নয়ন।

(২) **দারিদ্র্য বিমোচন ও জীবিকা উন্নয়ন:** কর্মসংস্থান সৃষ্টি, আয়ের সুযোগ বৃদ্ধি ও স্বনির্ভরতা অর্জন।

(৩) **শিক্ষা ও সচেতনতা বৃদ্ধি:** প্রাথমিক থেকে উচ্চশিক্ষা পর্যন্ত শিক্ষার প্রসার, নিরক্ষরতা দূরীকরণ ও সামাজিক সচেতনতা বৃদ্ধি।

(৪) **স্বাস্থ্যসেবা ও পুষ্টি উন্নয়ন:** বিনামূল্যে বা স্বল্পমূল্যে স্বাস্থ্যসেবা প্রদান, মাতৃ ও শিশুস্বাস্থ্য সুরক্ষা এবং পুষ্টি কর্মসূচি বাস্তবায়ন।

(৫) **নারী ও শিশুর কল্যাণ:** নারীর ক্ষমতায়ন, দক্ষতা উন্নয়ন, কর্মসংস্থান সৃষ্টি এবং শিশুদের নিরাপত্তা, শিক্ষা ও অধিকার সুরক্ষা।

(৬) **সামাজিক নিরাপত্তা ও সহায়তা:** বৃদ্ধ, এতিম, প্রতিবন্ধী ও অসহায়দের জন্য ভাতা, পুনর্বাসন ও জরুরি ত্রাণ কার্যক্রম গ্রহণ।

(৭) **সামাজিক ন্যায়বিচার প্রতিষ্ঠা:** বৈষম্য দূরীকরণ, সমান সুযোগ সৃষ্টি, মানবাধিকারের সুরক্ষা এবং দুর্বল জনগোষ্ঠীর অধিকার প্রতিষ্ঠা।

(৮) **সামাজিক সমস্যা প্রতিরোধ ও সমাধান:** দারিদ্র্য, মাদক, বাল্যবিয়ে, গৃহহিংসা প্রভৃতি সমস্যা প্রতিরোধ ও সমাধানে কার্যক্রম।

(৯) **সম্প্রীতি ও সামাজিক সংহতি বৃদ্ধি:** পারস্পরিক সহযোগিতা, ভ্রাতৃত্ববোধ ও মানবিক মূল্যবোধ জোরদার করা।

(১০) **সামাজিক উন্নয়ন ও সাংস্কৃতিক অগ্রগতি:** সাংস্কৃতিক ও সামাজিক কর্মকাণ্ডের মাধ্যমে সমাজে ঐক্য ও উন্নয়ন সাধন।

(১১) **টেকসই উন্নয়ন নিশ্চিতকরণ:** শিক্ষা, স্বাস্থ্য ও পরিবেশবান্ধব কার্যক্রমের মাধ্যমে দীর্ঘমেয়াদে সমাজের উন্নয়ন নিশ্চিতকরণ।

৬। ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস কার্যক্রম পরিচালনার কৌশলগত উদ্দেশ্যসমূহ

ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস কার্যক্রম পরিচালনার কৌশলগত উদ্দেশ্যসমূহ নিম্নরূপ:

(১) **মানবসম্পদ উন্নয়ন:** শিক্ষা, কারিগরি ও পেশাগত প্রশিক্ষণ, কর্মসংস্থান সৃষ্টি এবং যুব ও প্রান্তিক জনগোষ্ঠীর দক্ষতা বৃদ্ধি।

(২) **টেকসই দারিদ্র্য বিমোচন:** বিকল্প আয়ের উৎস সৃষ্টি, ক্ষুদ্রঋণ ও সমবায় কর্মসূচি বাস্তবায়ন, আর্থিক স্বনির্ভরতা ও অর্থনৈতিক স্থিতিশীলতা নিশ্চিত করা।

(৩) **স্বাস্থ্য, পুষ্টি ও স্যানিটেশন উন্নয়ন:** সহজলভ্য স্বাস্থ্যসেবা, ওষুধ সরবরাহ, মাতৃ ও শিশুস্বাস্থ্য সুরক্ষা, পুষ্টি কর্মসূচি, নিরাপদ পানি ও পয়ঃনিষ্কাশন ব্যবস্থা উন্নয়ন।

(৪) **নারী ও শিশু উন্নয়ন:** নারীর সামাজিক ও অর্থনৈতিক ক্ষমতায়ন, দক্ষতা বৃদ্ধি, কর্মসংস্থান ও নেতৃত্বে সম্পৃক্ততা, এবং শিশুদের শিক্ষা, স্বাস্থ্য ও সুরক্ষা নিশ্চিত করা।

(৫) **সামাজিক অন্তর্ভুক্তি ও সুরক্ষা:** প্রান্তিক, প্রতিবন্ধী, এতিম, প্রবীণ ও অসহায় জনগোষ্ঠীকে উন্নয়ন কর্মকাণ্ডে সম্পৃক্ত করা এবং সামাজিক নিরাপত্তা নেটওয়ার্ক জোরদার করা।

(৬) **সামাজিক সুরক্ষা ও দুর্যোগ ব্যবস্থাপনা:** ভাতা কর্মসূচি, জরুরি ত্রাণ ও পুনর্বাসন, প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় প্রস্তুতি, দ্রুত প্রতিক্রিয়া ব্যবস্থা ও জীবিকা পুনর্গঠন।

(৭) **প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি:** কার্যকর পরিকল্পনা, সুশাসন, নীতি নির্ধারণ ও আধুনিক প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে প্রতিষ্ঠানগুলোর দক্ষতা বৃদ্ধি।

(৮) **সহযোগিতা ও অংশীদারিত্ব:** সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান, এনজিও ও কমিউনিটির সমন্বিত উদ্যোগ ও অংশীদারিত্ব বৃদ্ধি।

(৯) **সামাজিক সম্প্রীতি ও ন্যায়বিচার প্রতিষ্ঠা:** মানবাধিকার ও সমতা রক্ষা, বৈষম্য হ্রাস, সাম্প্রদায়িক সম্প্রীতি ও ভ্রাতৃত্ববোধ জোরদার করা।

(১০) **গবেষণা ও উদ্ভাবন:** সামাজিক সমস্যার সমাধানে গবেষণাভিত্তিক নীতি, উদ্ভাবনী কর্মসূচি ও প্রযুক্তি নির্ভর উদ্যোগ বাস্তবায়ন।

(১১) **টেকসই উন্নয়ন অর্জন:** জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন লক্ষ্য (SDGs) এর সাথে সামঞ্জস্য রেখে শিক্ষা, স্বাস্থ্য, সমতা ও পরিবেশ রক্ষায় অবদান রাখা।

৭। ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস কার্যক্রম পরিচালনায় ভবিষ্যৎ পরিকল্পনা

ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস কার্যক্রম পরিচালনায় ভবিষ্যৎ পরিকল্পনাসমূহ নিম্নরূপ:

(১) **দারিদ্র্য বিমোচন ও কর্মসংস্থান:** ক্ষুদ্রঋণ কর্মসূচির সম্প্রসারণ এবং তরুণ ও নারীদের জন্য দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন এবং ক্ষুদ্র উদ্যোক্তাদের জন্য বিনিয়োগ ও বাজার সংযোগ সুবিধা প্রদান।

(২) **শিক্ষা উন্নয়ন:** গ্রামীণ ও দূরবর্তী অঞ্চলে স্কুল ও লার্নিং সেন্টার স্থাপন এবং প্রান্তিক জনগোষ্ঠীর শিশুদের জন্য বিনামূল্যে শিক্ষা ও উপবৃত্তি প্রদান এবং ডিজিটাল শিক্ষা কার্যক্রম চালু ও ই-লার্নিং সুবিধা বৃদ্ধি।

(৩) **স্বাস্থ্য ও পুষ্টি:** মোবাইল ক্লিনিক ও কমিউনিটি স্বাস্থ্যকেন্দ্র স্থাপন এবং মাতৃ ও শিশুস্বাস্থ্য উন্নয়নে বিশেষ কর্মসূচি বাস্তবায়ন এবং পুষ্টি সচেতনতা ও সাশ্রয়ী খাদ্য সরবরাহ কার্যক্রম সম্প্রসারণ।

(৪) **নারী ও শিশু কল্যান:** নারীর অর্থনৈতিক ক্ষমতায়নে বিশেষ প্রকল্প গ্রহণ এবং নারী ও শিশুর বিরুদ্ধে সহিংসতা প্রতিরোধে সচেতনতামূলক কার্যক্রম এবং শিশুদের সৃজনশীলতা, শিক্ষা ও নিরাপত্তা নিশ্চিত করতে ইনোভেটিভ প্রোগ্রাম চালু।

(৫) **সামাজিক সুরক্ষা ও অন্তর্ভুক্তি:** প্রবীণ ও প্রতিবন্ধীদের জন্য আলাদা সহায়তা ও পুনর্বাসন কর্মসূচি এবং এতিমখানা ও নিরাপদ আশ্রয়কেন্দ্রের সংখ্যা বৃদ্ধি এবং সামাজিক সুরক্ষা কর্মসূচির আওতা বিস্তৃত করা।

(৬) **দুর্যোগ ব্যবস্থাপনা ও পরিবেশ সুরক্ষা:** দুর্যোগ পূর্বপ্রস্তুতি ও জরুরি সেবা জোরদার করা এবং জলবায়ু পরিবর্তন মোকাবিলা ও পরিবেশবান্ধব উদ্যোগ গ্রহণ এবং ক্ষতিগ্রস্ত জনগোষ্ঠীর দ্রুত পুনর্বাসন ব্যবস্থা।

(৭) **প্রযুক্তি ও ডিজিটাল সেবা সংযোজন:** অনলাইন সাপোর্ট সিস্টেম ও হেল্পলাইন চালু করা এবং সামাজিক সেবার ডিজিটাল ডাটাবেইস তৈরি এবং প্রযুক্তি ব্যবহার করে সেবা প্রদানের দক্ষতা বৃদ্ধি।

(৮) **টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDGs) অর্জন:** ২০৩০ সালের মধ্যে দারিদ্র্য হ্রাস, শিক্ষা বিস্তার, স্বাস্থ্যসেবা, সমতা ও পরিবেশ সুরক্ষায় সরাসরি অবদান রাখা এবং আন্তর্জাতিক সহযোগিতা ও অংশীদারিত্বের মাধ্যমে দীর্ঘমেয়াদি উন্নয়ন নিশ্চিত করা।

৮। ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস পরিচালনায় প্রধান কার্যক্রমসমূহ

ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস পরিচালনায় প্রধান কার্যক্রমসমূহ নিম্নরূপ:

(১) **দারিদ্র্য বিমোচনমূলক কার্যক্রম:** ক্ষুদ্রঋণ ও স্বনির্ভর প্রকল্প বাস্তবায়ন, কর্মসংস্থান সৃষ্টির জন্য কারিগরি ও পেশাগত প্রশিক্ষণ প্রদান এবং ক্ষুদ্র উদ্যোক্তাদের সহায়তা ও বাজার সংযোগ নিশ্চিতকরণ।

(২) **শিক্ষা উন্নয়ন কার্যক্রম:** প্রাথমিক ও গণশিক্ষা কর্মসূচি বাস্তবায়ন, নিরক্ষরতা দূরীকরণ এবং স্কুল, লার্নিং সেন্টার ও বৃত্তিমূলক প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন।

(৩) **স্বাস্থ্য ও পুষ্টি কার্যক্রম:** মাতৃ ও শিশুস্বাস্থ্য সুরক্ষা, বিনামূল্যে বা স্বল্পমূল্যে চিকিৎসা প্রদান এবং স্বাস্থ্য সচেতনতা ও পুষ্টি সহায়তা কার্যক্রম পরিচালনা।

(৪) **নারী ও শিশু উন্নয়ন কার্যক্রম:** নারীর দক্ষতা উন্নয়ন ও আয়বর্ধক কার্যক্রম, শিশুদের শিক্ষা, স্বাস্থ্য ও অধিকার সুরক্ষা এবং শিশুশ্রম প্রতিরোধে উদ্যোগ গ্রহণ।

(৫) **সামাজিক সুরক্ষা কার্যক্রম:** বৃদ্ধ, প্রতিবন্ধী ও এতিমদের পুনর্বাসন, আশ্রয়কেন্দ্র ও সহায়তা কর্মসূচি পরিচালনা এবং সামাজিক নিরাপত্তা নেটওয়ার্ক সম্প্রসারণ।

(৬) **দুর্যোগ ব্যবস্থাপনা কার্যক্রম:** প্রাকৃতিক দুর্যোগে ত্রাণ ও পুনর্বাসন কার্যক্রম পরিচালনা, জরুরি সহায়তা প্রদান এবং দুর্যোগ পূর্বপ্রস্তুতি ও প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন।

পৃষ্ঠা ২ থেকে ২০

(৭) **সামাজিক সচেতনতা ও সাংস্কৃতিক কার্যক্রম:** মাদক, সন্ত্রাস ও সহিংসতা প্রতিরোধে সচেতনতামূলক উদ্যোগ, সামাজিক সম্প্রীতি ও ভ্রাতৃত্ববোধ গড়ে তোলা এবং সাংস্কৃতিক ও কমিউনিটি ডেভেলপমেন্ট কার্যক্রম বাস্তবায়ন।

(৮) **পরিবেশ ও টেকসই উন্নয়ন কার্যক্রম:** পরিবেশ সুরক্ষা, বৃক্ষরোপণ, জলবায়ু পরিবর্তন মোকাবিলায় সামাজিক উদ্যোগ গ্রহণ এবং টেকসই উন্নয়ন লক্ষ্য (SDGs) অর্জনে অবদান রাখা।

৯। ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস পরিচালনায় প্রধান চ্যালেঞ্জসমূহ

ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস পরিচালনায় প্রধান চ্যালেঞ্জসমূহ নিম্নরূপ:

(১) **অপর্যাপ্ত অর্থায়ন:** সরকারি বাজেটে সামাজিক সেবা খাতে পর্যাপ্ত বরাদ্দ না থাকায় অনেক কার্যক্রম স্থায়ীভাবে পরিচালনা করা কঠিন হয়। দারিদ্র্য বিমোচন, বয়স্ক ভাতা, প্রতিবন্ধী ভাতা বা নারীর ক্ষমতায়নের মতো প্রকল্পগুলো দীর্ঘমেয়াদে টেকসই হতে পারে না।

(২) **প্রশাসনিক জটিলতা:** অধিকাংশ সময়ে প্রশাসনিক জটিলতা, কাগজপত্রের দেরি, অনুমোদনের প্রক্রিয়া ধীরগতি এবং সেবার কেন্দ্রীকরণ এসব কারণে সেবা প্রাপ্তি সাধারণ মানুষের জন্য ঝামেলাপূর্ণ হয়ে দাঁড়ায়।

(৩) **দুর্নীতি ও অনিয়ম:** ভাতাভোগীর তালিকা তৈরিতে পক্ষপাতিত্ব, প্রকৃত উপকারভোগী বাদ পড়ে যাওয়া, কিংবা স্থানীয় পর্যায়ে ঘুষ ও প্রভাব খাটানো সামাজিক সেবা ব্যবস্থাকে দুর্বল করে।

(৪) **মানবসম্পদ ও দক্ষতার ঘাটতি:** স্থানীয় পর্যায়ে পর্যাপ্ত প্রশিক্ষিত কর্মী না থাকায় সেবা প্রদানে গুণগতমান কমে যায়। অনেক ক্ষেত্রেই সমাজসেবা কর্মকর্তাদের সংখ্যা তুলনামূলকভাবে কম, ফলে সেবা প্রত্যন্ত অঞ্চলে পৌঁছায় না।

(৫) **তথ্য ব্যবস্থাপনা সমস্যা:** অনেক প্রকল্পে সঠিক উপকারভোগীর তথ্য সংগ্রহ, সংরক্ষণ ও হালনাগাদ করার ব্যবস্থা নেই। ডিজিটাল ডাটাবেস থাকলেও তা সমন্বিত নয়, যার ফলে সঠিক সিদ্ধান্ত ও পরিকল্পনা নেওয়া কঠিন হয়।

(৬) **সচেতনতার অভাব:** গ্রামীণ বা দূরবর্তী অঞ্চলের মানুষ অনেক সময় জানেই না কোন সেবা তাদের জন্য রয়েছে বা কিভাবে তা পাওয়া যায়। এই অজ্ঞতার কারণে সুবিধাভোগীরা বাদ পড়ে যায়।

(৭) **প্রকল্পের স্থায়িত্বের সংকট:** বেশিরভাগ সামাজিক সেবা প্রকল্প নির্দিষ্ট সময়ের জন্য চালু হয়। ধারাবাহিকতা না থাকায় উপকারভোগীরা দীর্ঘমেয়াদি সুফল পায় না।

(৮) **সামাজিক দৃষ্টিভঙ্গি ও বৈষম্য:** প্রান্তিক জনগোষ্ঠী, যেমন আদিবাসী, প্রতিবন্ধী, বয়স্ক নারী, এরা অনেক সময় সামাজিক বৈষম্য বা অবহেলার কারণে সেবা পেতে বঞ্চিত হয়।

তৃতীয় অধ্যায়
পরিচালনা পর্ষদ ও ভূমিকা

১০। পরিচালনা পর্ষদ (Board of Directors)

(১) সংজ্ঞা ও অবস্থান:

(ক) পরিচালনা পর্ষদ হলো প্রতিষ্ঠান বা সংস্থার সর্বোচ্চ নীতিনির্ধারণী ও তত্ত্বাবধায়ক।

(খ) এই পর্ষদ নীতিমালা প্রণয়ন, কৌশলগত দিকনির্দেশনা প্রদান, কার্যক্রম অনুমোদন, বাস্তবায়ন, তত্ত্বাবধান এবং সামগ্রিক প্রশাসনিক ও আর্থিক স্বচ্ছতা নিশ্চিত করে।

(২) ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস কার্যক্রম বাস্তবায়নে পরিচালনা পর্ষদের ভূমিকা

ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস কার্যক্রম বাস্তবায়নে পরিচালনা পর্ষদের ভূমিকা: ১) নীতিনির্ধারণ ও কৌশলগত দিকনির্দেশনা, ২) আর্থিক তদারকি ও সম্পদের সঠিক ব্যবহার, ৩) নিয়মনীতি ও নীতিমালা অনুসরণ নিশ্চিতকরণ, ৪) তদারকি ও মূল্যায়ন, ৫) সিদ্ধান্ত গ্রহণ ও সমস্যা সমাধান, ৬) কর্মকর্তা ও ব্যবস্থাপনার ওপর দিকনির্দেশনা, ৭) স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ ও ৮) সম্পর্ক উন্নয়ন ও নেটওয়ার্কিং।

চতুর্থ অধ্যায়
কার্যক্রম এলাকা ও পরিধি সম্প্রসারণ

১১। কার্যক্রম এলাকা ও পরিধি সম্প্রসারণ

(১) ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস কার্যক্রম বাংলাদেশের সকল প্রশাসনিক বিভাগ, জেলা, উপজেলা, ইউনিয়ন, সিটি কর্পোরেশন ও পৌরসভা এলাকায় পরিচালিত হবে।

(২) ভবিষ্যতে চাহিদা, প্রাসঙ্গিকতা এবং বাস্তবতাভিত্তিক পরিকল্পনার আলোকে ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস কার্যক্রমের কার্যক্রম এলাকা ও পরিধি আন্তর্জাতিক পর্যায়ে, বিশ্বের যেকোনো দেশে সম্প্রসারিত করতে পারবে।

১২। কার্যালয় স্থাপন

(১) **প্রধান কার্যালয়:** প্রতিষ্ঠান বা সংস্থার প্রধান কার্যালয় বর্তমানে চট্টগ্রাম জেলায় অবস্থিত থাকবে। তবে জনস্বার্থ, কার্যক্রমের সুবিধা এবং প্রশাসনিক প্রয়োজন বিবেচনায় ভবিষ্যতে প্রধান কার্যালয় ঢাকাসহ বাংলাদেশের যেকোনো জেলায় স্থানান্তর করা যেতে পারে।

(২) **জাতীয় কার্যালয়সমূহ স্থাপন:** প্রতিষ্ঠান বা সংস্থা ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস কার্যক্রম পরিচালনা ও বাস্তবায়নে বাংলাদেশের যেকোনো প্রশাসনিক বিভাগ, জেলা, উপজেলা, ইউনিয়ন, সিটি কর্পোরেশন ও পৌরসভা এলাকায় কার্যালয় স্থাপন করতে পারবে।

(৩) **আন্তর্জাতিক কার্যালয়সমূহ স্থাপন:** প্রতিষ্ঠান বা সংস্থা ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস কার্যক্রম পরিচালনা ও বাস্তবায়নে গ্লোবাল কার্যক্রম সম্প্রসারণ এবং সামাজিক, অর্থনৈতিক ও উন্নয়নমূলক প্রকল্প বা কর্মসূচি বাস্তবায়নের উদ্দেশ্যে বিশ্বের যেকোনো দেশে প্রয়োজন অনুযায়ী কার্যালয় স্থাপন করতে পারবে।

(৪) **ঠিকানা পরিবর্তন, সম্প্রসারণ বা স্থানান্তর:** প্রতিষ্ঠান বা সংস্থা নিজস্ব সিদ্ধান্ত এবং প্রযোজ্য বাস্তবতার ভিত্তিতে যেকোনো সময় প্রধান কার্যালয়সহ অন্যান্য জাতীয় ও আন্তর্জাতিক কার্যালয়ের ঠিকানা পরিবর্তন, সম্প্রসারণ বা স্থানান্তর করতে পারবে।

১৩। ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস কার্যক্রম পরিচালনার বিকল্প পদ্ধতি

প্রতিষ্ঠান বা সংস্থা প্রয়োজনবোধে বাংলাদেশ ও বিশ্বের যেকোনো দেশে কার্যালয় স্থাপন ব্যতিরেকেও ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস কার্যক্রম ও আওতাভুক্ত বিভিন্ন প্রকার প্রকল্প, কর্মসূচি ও কার্যক্রম পরিচালনা করতে পারবে। এ ক্ষেত্রে প্রতিষ্ঠান বা সংস্থা সফটওয়্যার, ওয়েবসাইট, মোবাইল অ্যাপস ও অন্যান্য আধুনিক তথ্যপ্রযুক্তি ব্যবহার করতে পারবে। উপরন্তু, প্রতিষ্ঠান বা সংস্থা বিভিন্ন এলাকায় পিপলস ডেভেলপমেন্ট সেন্টার (PDC) গঠন করে বাংলাদেশ ও বিশ্বের যেকোনো স্থানে নিম্নবর্ণিত কার্যক্রম পরিচালনা করতে পারবে। যথা: ১) ক্যাম্পেইন ও সচেতনতামূলক আলোচনা সভা, ২) উঠান বৈঠক ও সেমিনার, ৩) প্রশিক্ষণ কর্মশালা ও দক্ষতা উন্নয়ন কার্যক্রম, ৪) তথ্যভিত্তিক সভা ও পরামর্শ প্রদান এবং ৫) রেজিস্ট্রেশন ও সাবস্ক্রিপশন কার্যক্রম। উল্লিখিত প্রকল্প, কর্মসূচি ও কার্যক্রমসমূহ আধুনিক প্রযুক্তি এবং ভার্চুয়াল প্ল্যাটফর্মের সহায়তায় পরিচালিত হবে, যাতে অংশগ্রহণকারীদের সক্রিয় সম্পৃক্ততা ও বাস্তবায়নের কার্যকারিতা নিশ্চিত করা যায়।

১৪। ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস কার্যক্রমের উপকারভোগীর ধরন

(১) **প্রত্যক্ষ উপকারভোগী:** সোশ্যাল সার্ভিসেস কার্যক্রমের মাধ্যমে যারা সরাসরি অংশগ্রহণ বা সুবিধা গ্রহণ করতে পারবে। যেমন- প্রান্তিক ও দারিদ্র্যপীড়িত জনগোষ্ঠী, নারী ও যুবসমাজ, ক্ষুদ্র উদ্যোক্তা ও কৃষক, প্রতিবন্ধী ও বিশেষ চাহিদাসম্পন্ন ব্যক্তি।

(২) **পরোক্ষ উপকারভোগী:** যারা প্রত্যক্ষভাবে যুক্ত না হলেও কার্যক্রমের প্রভাবে উপকৃত হবে। যেমন- স্থানীয় পরিবার ও সম্প্রদায়, শিক্ষা ও স্বাস্থ্যসেবা গ্রহণকারী সাধারণ জনগণ, বাজার ও ভোক্তা শ্রেণি।

(৩) **প্রাতিষ্ঠানিক উপকারভোগী:** কার্যক্রমের মাধ্যমে উপকৃত হবে এমন বিভিন্ন প্রতিষ্ঠান ও সংস্থা। যেমন- স্থানীয় কো-অপারেটিভ, সিএসও ও এনজিও, সরকারি-বেসরকারি সংস্থা, বিনিয়োগকারী ও অংশীদারগণ।

(৪) **সার্বিক জাতীয় ও বৈশ্বিক উপকারভোগী:** জাতীয় ও বৈশ্বিক পর্যায়ে উপকারভোগী হিসেবে রাষ্ট্র ও প্রশাসন, জাতীয় অর্থনীতি, এবং আন্তর্জাতিক সম্প্রদায় উপকৃত হয়। এর মাধ্যমে দারিদ্র্য হ্রাস, কর্মসংস্থান সৃষ্টি, টেকসই উন্নয়ন লক্ষ্য (SDGs) অর্জন, এবং বৈশ্বিক জলবায়ু পরিবর্তন মোকাবিলায় অবদান রাখা সম্ভব হয়।

১৫। ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস কার্যক্রমের মেয়াদকাল বৃদ্ধি ও হ্রাস

প্রয়োজন ও প্রাসঙ্গিকতা বিবেচনায়, ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস কার্যক্রমের মেয়াদকাল ২০২৫ হতে ২১২৫ সাল পর্যন্ত নির্ধারিত করা হয়েছে। উক্ত নির্ধারিত সময়সীমার মধ্যে পরিকল্পনা, বাস্তবায়ন, মূল্যায়ন ও হস্তান্তর সম্পন্ন করতে হবে। প্রয়োজনে মধ্যবর্তী মূল্যায়নের ভিত্তিতে মেয়াদকাল বৃদ্ধি বা হ্রাস করা যেতে পারে।

১৬। নীতিমালা হালনাগাদ ও সংশোধিত সংস্করণ এবং বাস্তবায়নের অঙ্গীকার

(১) **হালনাগাদ ও সংশোধিত সংস্করণ:** ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস নীতিমালা, ২০২৫ পূর্ববর্তী ওয়েলফেয়ার প্ল্যাটফর্ম, সোশ্যাল সার্ভিসেস ও ওয়েলফেয়ার সোশ্যাল

পৃষ্ঠা ৩ থেকে ২০

সার্ভিসেস এস্টাব্লিশমেন্ট নীতিমালা, ২০২৫ এর হালনাগাদ ও সংশোধিত সংস্করণ হিসেবে গণ্য হবে। ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস নীতিমালা, ২০২৫ এ দেশি ও বিদেশি লক্ষ্যভুক্ত জনগোষ্ঠীর টেকসই উন্নয়নের লক্ষ্যে প্রয়োজনীয় সংশোধন ও পরিবর্ধন অন্তর্ভুক্ত করা হয়েছে।

(২) **অংশগ্রহণকারী প্রতিষ্ঠান বা সংস্থার বাস্তবায়নের অঙ্গীকার:** ওয়েলফেয়ার টেকনোলজিস সার্ভিসেস লিমিটেড, ওয়েলফেয়ার ফ্যামিলি বাংলাদেশ এবং সিএইচটি উইমেন ফোরাম, সরকার স্বীকৃত উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান বা সংস্থা হিসেবে ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস নীতিমালা, ২০২৫ এর আওতায় প্রণীত কার্যক্রম বাস্তবায়নে সক্রিয়ভাবে অংশগ্রহণ করবে। এই নীতিমালার রূপকল্প ও উদ্দেশ্য অনুযায়ী, উল্লিখিত প্রতিষ্ঠানসমূহ আধুনিক প্রযুক্তিনির্ভর, অন্তর্ভুক্তিমূলক ও টেকসই উন্নয়নের মাধ্যমে জনসাধারণের জীবনমান উন্নয়নের লক্ষ্যে একটি জ্ঞানভিত্তিক অর্থনীতির ভিত্তি নির্মাণে প্রয়োজনীয় পরিকল্পনা গ্রহণ, কর্মসূচি বাস্তবায়ন, এবং প্রযুক্তি ও সম্পদের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করবে।

পঞ্চম অধ্যায়
কর্মকর্তা, কর্মচারী ও কর্মী ব্যবস্থাপনা

১৭। প্রকল্প, কর্মসূচি ও কার্যক্রম বাস্তবায়নে জনবল নিয়োগ

(১) প্রতিষ্ঠান বা সংস্থা ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস কার্যক্রম কার্যকরভাবে পরিচালনা ও বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় জনবল প্রচলিত নিয়োগনীতি, সংশ্লিষ্ট বিধিমালা ও প্রশাসনিক প্রক্রিয়া অনুসরণপূর্বক নিয়োগ প্রদান করতে পারবে। নিয়োগপ্রাপ্ত জনবলের ক্ষেত্রে প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা, প্রাসঙ্গিক দক্ষতা, বাস্তব অভিজ্ঞতা, নেতৃত্বদানের সামর্থ্য এবং দায়িত্ব পালনের সক্ষমতা নিশ্চিত করার বিষয়টি অগ্রাধিকার ভিত্তিতে মূল্যায়ন করা হবে। নির্বাচন প্রক্রিয়ায় স্বচ্ছতা, মেধাভিত্তিক যাচাই-বাছাই ও জবাবদিহিতা বজায় রাখার মাধ্যমে যোগ্যতাসম্পন্ন জনবল নিয়োগে প্রতিষ্ঠান দৃঢ় প্রতিশ্রুতিবদ্ধ থাকবে।

(২) ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস কার্যক্রম ও এর আওতায় পৃথক পৃথক প্রকল্প ও কর্মসূচির জন্য প্রস্তাব (Proposal) প্রস্তুত করা হবে। উক্ত প্রকল্প ও কর্মসূচি বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় ক্ষেত্রে কোম্পানি বা প্রতিষ্ঠান গঠন করা হবে এবং জনবল নিয়োগের মাধ্যমে সংশ্লিষ্ট উদ্যোগকে একটি স্বতন্ত্র প্রতিষ্ঠানে রূপান্তর করা হবে।

১৮। নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ ও আবেদন গ্রহণ

প্রতিষ্ঠান বা সংস্থা ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস কার্যক্রম বাস্তবায়নে প্রয়োজনীয় জনবল নিয়োগ প্রদানের জন্য নিয়োগ বিজ্ঞপ্তি ওয়েবসাইট, জব পোর্টাল, সংবাদপত্র ও সামাজিক মাধ্যমে বা আভ্যন্তরীন নিয়মে প্রকাশ করতে পারবে। অনলাইন বা নির্ধারিত মাধ্যমে আবেদন গ্রহণ করা হবে এবং স্ক্রুটিনির মাধ্যমে অযোগ্য আবেদন বাতিল করতে পারবে।

১৯। কর্মকর্তা, কর্মচারী, কর্মীদের প্রাতিষ্ঠানিক আনুগত্য ও শৃঙ্খলা

(১) সকল কর্মকর্তা, কর্মচারী, কর্মীদেরকে প্রতিষ্ঠান বা সংস্থার লক্ষ্য, নীতিমালা, সুশাসন, গোপনীয়তা, নৈতিকতা ও প্রতিষ্ঠিত বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে এবং কর্তৃপক্ষের আইনসংগত নির্দেশনা মান্য করতে বাধ্য থাকবে।

(২) সকল কর্মকর্তা, কর্মচারী, কর্মীদেরকে দায়িত্ব পালনে নিয়মিত, সময়নিষ্ঠ, পূর্ণকালীন উপস্থিত এবং পেশাগত আচরণে শৃঙ্খলাবদ্ধ থাকতে হবে।

(৩) কোনো কর্মকর্তা, কর্মচারী, কর্মী কর্তৃক প্রতিষ্ঠান বা সংস্থার ভাবমূর্তি, সম্পদ বা স্বার্থের ক্ষতি সাধনকারী কর্মকান্ড সম্পূর্ণরূপে নিষিদ্ধ এবং তা শৃঙ্খলাভঙ্গ হিসেবে গণ্য হবে, যার বিরুদ্ধে উপযুক্ত শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

ষষ্ঠ অধ্যায়
প্রশাসনিক দায়িত্ব, রেজিস্ট্রেশন ও সাবস্ক্রিপশন ফি ব্যবস্থাপনা

২০। ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস কার্যক্রম সমন্বিত প্রকল্প, কর্মসূচি ও কার্যক্রম পরিচালনা ও ব্যবস্থাপনা

ওয়েলফেয়ার টেকনোলজিস সার্ভিসেস লিমিটেড এবং ওয়েলফেয়ার ফ্যামিলি বাংলাদেশ এর আওতাভুক্ত প্রকল্প, কর্মসূচি ও কার্যক্রমসমূহ একটি সমন্বিত কাঠামোর আওতায় কোম্পানি, এনজিও সংস্থা এবং অংশীদার প্রতিষ্ঠানসমূহের যৌথ অংশগ্রহণে ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস কার্যক্রম ও আওতাভুক্ত প্রকল্প, কর্মসূচি ও কার্যক্রম বাস্তবায়ন এবং ব্যবস্থাপনা করা হবে। এই কাঠামোর অধীনে দায়িত্ব ও কর্তব্য নিম্নরূপভাবে নির্ধারিত থাকবে:

(১) কোম্পানি পর্যায়: ওয়েলফেয়ার টেকনোলজিস সার্ভিসেস লিমিটেড এবং এর অধীনস্থ বা সংশ্লিষ্ট নিবন্ধিত কোম্পানিসমূহ নিম্নোক্ত কার্যাবলি সম্পাদন করবে:

(ক) প্রকল্প বা কর্মসূচিভিত্তিক ব্যয়, চার্ট অব অ্যাকাউন্টস ও অন্যান্য খাতের সকল প্রকার আর্থিক ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণ;

(খ) কারিগরি ও প্রযুক্তিগত সহায়তা প্রদান, রিসার্চ ও ইনোভেশন ডেভেলপমেন্ট;

(গ) ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস কার্যক্রমের রূপকল্প, পরিকল্পনা, বাস্তবায়ন ও পরিচালনা;

(ঘ) টেকসই ব্যবসায়িক মডেল ও মার্কেট লিংকেজ তৈরি ও সম্প্রসারণ;

(ঙ) কোম্পানি সংক্রান্ত সকল আইনি ও প্রশাসনিক কার্যক্রম পরিচালনা।

(২) এনজিও সংস্থা পর্যায়: ওয়েলফেয়ার ফ্যামিলি বাংলাদেশ, সিএইচটি উইমেন ফোরাম, এবং ভবিষ্যতে সংযুক্ত সকল স্বীকৃত এনজিও সংস্থা নিম্নোক্ত দায়িত্ব পালন করবে:

(ক) সমাজকল্যাণমূলক কার্যক্রম (শিক্ষা, স্বাস্থ্য, কৃষি, নারী ও শিশু উন্নয়ন, মানবাধিকার সহায়তা ইত্যাদি) পরিচালনা;

(খ) কমিউনিটি মবিলাইজেশন ও সচেতনতামূলক উদ্যোগ বাস্তবায়ন;

(গ) লক্ষ্যভিত্তিক প্রশিক্ষণ, কর্মশালা ও সামাজিক সম্পৃক্ততা কার্যক্রম আয়োজন;

(ঘ) সরকারের সংশ্লিষ্ট বিভাগ ও অন্যান্য সংস্থার সঙ্গে সমন্বয় সাধন;

(ঙ) প্রকল্পভিত্তিক ফিল্ড মনিটরিং, মূল্যায়ন ও প্রতিবেদন প্রণয়ন।

(৩) অধিভুক্ত প্রতিষ্ঠান ও অংশীদার সংস্থা পর্যায়: প্রতিষ্ঠান বা সংস্থার সঙ্গে চুক্তিবদ্ধ, অনুমোদিত বা সমন্বয়াধীন অংশীদার প্রতিষ্ঠান ও সংস্থাসমূহ: (যেমন: সরকার, মন্ত্রণালয়, বিশ্ববিদ্যালয়, গবেষণা প্রতিষ্ঠান, প্রশিক্ষণ ইনস্টিটিউট, স্থানীয় সরকার, উন্নয়ন সহযোগী সংস্থা ইত্যাদি)

(ক) নির্ধারিত চুক্তি বা সমঝোতা স্মারক (MoU) এর আলোকে নিজ নিজ ভূমিকায় কাজ করবে;

(খ) যৌথ উদ্যোগে গবেষণা, প্রশিক্ষণ, প্রযুক্তি হস্তান্তর ও উদ্ভাবনী কার্যক্রম বাস্তবায়নে অংশগ্রহণ করবে;

(গ) প্রকল্প বা কার্যক্রমের নির্দিষ্ট অংশে কারিগরি ও মানবসম্পদ সহায়তা প্রদান করবে;

(ঘ) বিভিন্ন স্তরের পরামর্শ ও নীতিগত সহায়তার মাধ্যমে উন্নয়ন প্রচেষ্টায় অবদান রাখবে।

২১। অধীনস্থ বা সহযোগী প্রতিষ্ঠানসমূহে আর্থিক সহায়তা প্রদান

প্রতিষ্ঠান বা সংস্থা ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস কার্যক্রম ও আওতাভুক্ত প্রকল্প, কর্মসূচি ও কার্যক্রম বাস্তবায়নে প্রয়োজনবোধে অধীনস্থ বা সহযোগী প্রতিষ্ঠানসমূহকে নির্ধারিত নীতি ও প্রক্রিয়া অনুসরণ করে আর্থিক সহায়তা অথবা দান, অনুদান, বিনিয়োগ ও ঋণ প্রদান করতে পারবে।

২২। ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস কার্যক্রম ও এর আওতাভুক্ত প্রকল্প, কর্মসূচি ও কার্যক্রম বাস্তবায়নে অর্থায়ন ও বাস্তবায়ন কাঠামো

(১) **অর্থায়ন কাঠামো:** প্রতিষ্ঠান বা সংস্থার ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস কার্যক্রমের আওতাভুক্ত প্রোডাক্ট ও পরিষেবা বিতরণ কার্যক্রমের জন্য প্রয়োজনীয় অর্থায়ন ও পৃষ্ঠপোষকতা করার লক্ষ্যে দেশি ও বিদেশি সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, বেসরকারি, জাতীয় ও আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী সংস্থা, এনজিও, কর্পোরেট কোম্পানি, সংশ্লিষ্ট সংস্থা, কমিউনিটির সদস্য, নিবন্ধিত ব্যক্তি, জনহিতৈষী ব্যক্তি ও সহযোগী প্রতিষ্ঠানসমূহ হতে যেকোনো পরিমাণের অর্থ বা সম্পদ গ্রহণ ও সংগ্রহের পূর্ণ অধিকার রাখে। উক্ত অর্থ বা সম্পদ গ্রহণ ও সংগ্রহের উৎস হিসেবে রেজিস্ট্রেশন ফি, সাবস্ক্রিপশন ফি, অনুদান, বিনিয়োগ, ঋণ এবং অন্যান্য স্বীকৃত মাধ্যম অন্তর্ভুক্ত হতে পারে। উল্লেখিত অর্থায়ন প্রযোজ্য নীতিমালা, চুক্তি, সমঝোতা স্মারক (MoU), এবং সংশ্লিষ্ট বিধিবিধান অনুযায়ী বরাদ্দ ও সম্পদের সঠিক ও কার্যকর ব্যবহারের নিশ্চয়তার ভিত্তিতে পরিচালিত হবে। ব্যয়ের প্রতিটি ক্ষেত্র স্বচ্ছতা, জবাবদিহিতা ও আর্থিক শৃঙ্খলা বজায় রেখে ব্যবস্থাপনা করা হবে। অর্থায়নের উৎসসমূহ নিম্নরূপ: ১) কমিউনিটি সদস্যের রেজিস্ট্রেশন ও সাবস্ক্রিপশন ফি, ২) পাবলিক-প্রাইভেট পার্টনারশিপ (PPP), ৩) পরিচালিত ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস ও ইমপ্যাক্ট ইনভেস্টমেন্ট, ৪) জাতীয় ও আন্তর্জাতিক দাতা সংস্থার প্রকল্প ভিত্তিক সহায়তা, ৫) দান ও অনুদান (নন-রিফান্ডেবল), ৬) বিনিয়োগ (আয় বা লাভ প্রত্যাশিত), ৭) ঋণ (ফেরতযোগ্য চুক্তিভিত্তিক অর্থ) এবং ৮) অন্যান্য বৈধ ও স্বীকৃত উৎসসমূহ।

(২) **বাস্তবায়ন কাঠামো:** প্রতিষ্ঠান বা সংস্থার ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস কার্যক্রমের আওতাভুক্ত প্রোডাক্ট ও পরিষেবা বিতরণ কার্যক্রম সংশ্লিষ্ট সদস্যপদ, প্রাপ্ত অর্থনৈতিক ও প্রযুক্তিগত সহায়তা, বরাদ্দ ও বাজেট, এবং প্রযোজ্য নীতিমালার আলোকে বাস্তবায়িত হবে। কার্যক্রমসমূহের কার্যকারিতা ও ফলাফল নিশ্চিতকরণে বাস্তবায়ন কাঠামোর আওতায় অগ্রাধিকার নির্ধারণ, পর্যায়ক্রমিক পরিকল্পনা ও বাস্তবায়ন, পরিবীক্ষণ, মূল্যায়ন এবং প্রতিবেদন প্রদান সংক্রান্ত সুনির্দিষ্ট নীতিমালা ও প্রক্রিয়া অনুসরণ করা হবে। প্রয়োজনে সংশ্লিষ্ট অংশীজন, বিশেষজ্ঞ পরামর্শক ও স্থানীয় প্রতিনিধিদের সম্পৃক্ততার মাধ্যমে বাস্তবায়ন কার্যক্রমে স্বচ্ছতা, জবাবদিহিতা ও কার্যকারিতা নিশ্চিত করা হবে।

২৩। ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস কার্যক্রম পরিচালনার আয়ের উৎস ও অর্থ সংগ্রহ

প্রতিষ্ঠান বা সংস্থার ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস কার্যক্রমের টেকসই বাস্তবায়ন এবং আর্থিক স্বনির্ভরতা অর্জনের লক্ষ্যে বহুমুখী ও পরিকল্পিত আয় উৎস সৃষ্টির মাধ্যমে

পৃষ্ঠা ৪ থেকে ২০

অর্থ সংগ্রহ এবং সংযুক্তি নিশ্চিত করা হবে। এ উদ্দেশ্যে নির্ভরযোগ্য উৎসসমূহ থেকে অর্থায়ন গ্রহণ এবং সেগুলোর যথাযথ ব্যবস্থাপনার মাধ্যমে সামাজিক উন্নয়নের লক্ষ্য অর্জনে অগ্রাধিকার প্রদান করা হবে। প্রকল্প বা কর্মসূচিভিত্তিক প্রধান আয়ের উৎসসমূহ নিম্নরূপ:

(১) **সরকারি অনুদান ও সহায়তা:** সরকারি মন্ত্রণালয়, বিভাগ, অধিদপ্তর, পরিদপ্তর, সংস্থা ও স্থানীয় প্রশাসনের পক্ষ থেকে প্রদত্ত বার্ষিক বা প্রকল্পভিত্তিক অনুদান, কারিগরি সহায়তা, উপকরণ, মানবসম্পদ সহায়তা এবং চুক্তিভিত্তিক অর্থায়ন যা সরকার অনুমোদিত কার্যক্রমের আওতায় প্রাপ্ত হবে।

(২) **আন্তর্জাতিক দাতা সংস্থা:** জাতিসংঘ, বিশ্বব্যাংক, এশীয় উন্নয়ন ব্যাংক ADB, JICA, DFID, GIZ, USAID, EU সহ বিভিন্ন আন্তর্জাতিক এনজিও ও উন্নয়ন সহযোগী সংস্থার অর্থায়ন।

(৩) **বাণিজ্যিক বিনিয়োগ:** প্রকল্পে ব্যক্তি, প্রতিষ্ঠান বা কর্পোরেট খাতের বিনিয়োগ, পাশাপাশি Social Business বা Impact-driven financing এর মাধ্যমে দীর্ঘমেয়াদি অংশিদারিত্ব গঠন।

(৪) **সদস্য ফি:** সাধারণ, প্রাতিষ্ঠানিক, আজীবন ও অন্যান্য শ্রেণির সদস্যদের এককালীন এবং নিয়মিত রেজিস্ট্রেশন ও সাবস্ক্রিপশন ফি।

(৫) **কর্মশালা, সেমিনার ও প্রশিক্ষণ কার্যক্রম:** অংশগ্রহণ ফি, কোর্স ফি এবং আয়োজনে সহযোগী প্রতিষ্ঠান বা সংস্থার সহায়তা থেকে প্রাপ্ত আয়।

(৬) **স্পনসরশিপ:** বিভিন্ন কোম্পানি ও কর্পোরেট প্রতিষ্ঠান বা সংস্থার CSR কর্মসূচির আওতায় অর্থ, সামগ্রী বা কারিগরি সহায়তা গ্রহণ।

(৭) **পণ্য ও সেবা বিক্রি:** সামাজিক উদ্যোগভিত্তিক উৎপাদিত পণ্য, কারিগরি সেবা, পরামর্শ, প্রকাশনা, অ্যাপ্লিকেশন, সফটওয়্যার ইত্যাদির বিপণন।

(৮) **ফান্ডরেইজিং ইভেন্ট:** চ্যারিটি প্রোগ্রাম, নিলাম, প্রদর্শনী, মেলা, কনসার্ট, ম্যারাথন বা র‍্যান্ডমাইজড ইনসেন্টিভ প্রোগ্রাম, স্ক্র্যাচকার্ড প্রোগ্রাম, কুইজ সার্ভিসেস প্রোগ্রাম ও জনসচেতনতামূলক ইভেন্ট আয়োজন।

(৯) **ক্রাউডফান্ডিং প্ল্যাটফর্ম:** দেশি-বিদেশি অনলাইন প্ল্যাটফর্ম (যেমন: GoFundMe, GlobalGiving, LaunchGood, প্রতিষ্ঠান বা সংস্থার নিজস্ব ওয়েবসাইট ইত্যাদি) ব্যবহার করে অনলাইনে গণঅনুদান সংগ্রহ।

(১০) **অন্যান্য বিনিয়োগ ও আয়ের সুযোগ:** নতুন সম্ভাবনাময় সামাজিক উদ্যোগ, স্টার্টআপ, অংশীদারিত্বভিত্তিক প্রকল্প, গ্রিন এন্টারপ্রাইজ, প্রযুক্তিনির্ভর মডেল (Digital Subscription, Freemium Services)।

(১১) **ডোনেশন, উইল ও দানবাক্স:** স্বেচ্ছায় দান, দাতব্য উইল (Will) এবং নির্দিষ্ট স্থানে দানবাক্স স্থাপন ও তদারকির মাধ্যমে নগদ বা অ-নগদ সহায়তা সংগ্রহ।

(১২) **সহযোগী প্রতিষ্ঠান বা সংস্থার Matching Fund এবং Co-financing:** যেসব সহযোগী সংস্থা বা প্রতিষ্ঠান যৌথভাবে প্রকল্প বাস্তবায়ন করে, তাদের পক্ষ থেকে Match Fund বা যৌথ অর্থায়নের সুযোগ কাজে লাগানো হবে। উপযুক্ত পরিকল্পনা, সুশাসন এবং স্বচ্ছ ব্যবস্থাপনার মাধ্যমে উপরোক্ত উৎসসমূহকে কার্যকরভাবে কাজে লাগানো হবে।

২৪। ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস কার্যক্রম পরিচালনায় দান-অনুদান, বিনিয়োগ ও ঋণ সংগ্রহ এবং ব্যবস্থাপনার এখতিয়ার

(১) **দান ও অনুদান সংগ্রহ ও ব্যবস্থাপনা:** প্রতিষ্ঠান বা সংস্থার গৃহীত ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস কার্যক্রম ও আওতাভুক্ত প্রকল্প, কর্মসূচি ও কার্যক্রম সফল বাস্তবায়ন এবং জনকল্যাণে ব্যবহারের উদ্দেশ্যে দেশি ও বিদেশি সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, বেসরকারি, জাতীয় ও আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী সংস্থা, এনজিও, কর্পোরেট কোম্পানি, কমিউনিটি সদস্য, নিবন্ধিত ব্যক্তি ও সহযোগী প্রতিষ্ঠানসমূহের নিকট হতে যেকোনো পরিমাণে স্বেচ্ছাপ্রণোদিত দান, অনুদান বা সম্পদ গ্রহণ ও সংগ্রহ করতে পারবে, যা প্রকল্প, কর্মসূচি ও কার্যক্রম এবং জনকল্যাণমুখী যেকোনো কার্যক্রমে ব্যবহার করা যাবে। উল্লেখ্য যে, অনুদান বা দান হিসেবে সংগৃহীত অর্থ, সম্পদ ও প্রোডাক্ট বা পরিষেবা ফেরত প্রদানের বাধ্যবাধকতা থাকবে না।

(২) **বিনিয়োগ সংগ্রহ ও ব্যবস্থাপনা:** প্রতিষ্ঠান বা সংস্থার গৃহীত ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস কার্যক্রম ও আওতাভুক্ত প্রকল্প, কর্মসূচি ও কার্যক্রম বাস্তবায়ন, সম্প্রসারণ এবং সামাজিক ও অর্থনৈতিক ক্ষেত্রে টেকসই উন্নয়নের লক্ষ্যে দেশি ও বিদেশি সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, বেসরকারি, জাতীয় ও আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী সংস্থা, এনজিও, কোম্পানি, কর্পোরেট প্রতিষ্ঠান, কমিউনিটি সদস্য, নিবন্ধিত ব্যক্তি ও সহযোগী প্রতিষ্ঠানসমূহের নিকট হতে যেকোনো পরিমাণে বিভিন্ন প্রকারের সম্পদ গ্রহণ ও বিনিয়োগ সংগ্রহ করতে পারবে, যা প্রকল্প, কর্মসূচি ও কার্যক্রম বাস্তবায়ন এবং প্রতিষ্ঠান বা সংস্থার সংশ্লিষ্ট উন্নয়নমূলক কাজে ব্যবহার করা যাবে। বিনিয়োগকারীগণ নির্ধারিত শর্ত ও চুক্তির আলোকে আয় বা মুনাফার অংশীদার হিসেবে বিবেচিত হবে।

(৩) **ঋণ সংগ্রহ ও ব্যবস্থাপনা:** প্রতিষ্ঠান বা সংস্থার ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস কার্যক্রম ও আওতাভুক্ত প্রকল্প, কর্মসূচি ও কার্যক্রম বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় আর্থিক সংস্থান নিশ্চিতকরণে দেশি ও বিদেশি সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, বেসরকারি, জাতীয় ও আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী সংস্থা, এনজিও, কোম্পানি, কর্পোরেট প্রতিষ্ঠান, কমিউনিটি সদস্য, নিবন্ধিত ব্যক্তি ও সহযোগী প্রতিষ্ঠানসমূহের নিকট হতে যেকোনো পরিমাণে বিভিন্ন প্রকারের ঋণ বা সম্পদ গ্রহণ ও সংগ্রহ করতে পারবে। উক্ত ঋণ নির্ধারিত সময়সীমা, চুক্তিভিত্তিক শর্তাবলী এবং ফেরতযোগ্যতা নীতিমালার আলোকে গ্রহণযোগ্য হবে এবং সংশ্লিষ্ট প্রকল্প, কর্মসূচি ও কার্যক্রমের কল্যাণে ব্যবহার যাবে।

২৫। ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস কার্যক্রম পরিচালনায় দান-অনুদান, বিনিয়োগ, ঋণ সংগ্রহের মাধ্যমসমূহ

প্রতিষ্ঠান বা সংস্থা তার ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস কার্যক্রম ও আওতাভুক্ত প্রকল্প, কর্মসূচি ও কার্যক্রম বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় আর্থিক সম্পদ সুনিশ্চিত করার উদ্দেশ্যে জাতীয় ও আন্তর্জাতিক দান-অনুদান, বিনিয়োগ, ঋণ সংগ্রহ করতে পারবে। এ সংক্রান্ত কার্যক্রমসমূহ উল্লিখিত যেকোনো পদ্ধতি ও মাধ্যম দ্বারা পরিচালনা করতে পারবে। যথা: ১) বাংলাদেশ ও আন্তর্জাতিক স্তরে সাধারণ ব্যাংকিং সেবা ব্যবহারের মাধ্যমে, ২) অনলাইন ব্যাংকিং ও এজেন্ট ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে, ৩) ক্রিপ্টোকারেন্সির মাধ্যমে অর্থ সংগ্রহ (প্রযোজ্য ক্ষেত্রে), ৪) বাংলাদেশ ইলেকট্রনিক ফান্ডস ট্রান্সফার নেটওয়ার্ক (BEFTN), ৫) রিয়েল টাইম গ্রস সেটেলমেন্ট (RTGS), ৬) ন্যাশনাল পেমেন্ট সুইচ বাংলাদেশ (NPSB), ৭) বাংলা কিউআর / কিউআর পেমেন্ট (Bangla QR / QR Payment), ৮) মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসেস (MFS:bKash, Nagad, Rocket, Upay, SureCash, TapPay, iPay ইত্যাদি), ৯) আন্তঃব্যাংক অর্থ স্থানান্তর (IBFT-Inter-Bank Fund Transfer), ১০) কার্ড পেমেন্ট সিস্টেম (Visa, Mastercard, Amex, UnionPay), ১১) ই-কমার্স ও অনলাইন পেমেন্ট গেটওয়ে (EOPG: ShurjaPay, SSLCommerz, PortWallet, EkPay, AamarPay, ইত্যাদি), ১২) আন্তর্জাতিক ই-কমার্স ও অনলাইন পেমেন্ট গেটওয়ে PayPal, Stripe, Payoneer, Skrill, 2Checkout (Verifone), Authorize.Net, Square, Amazon Pay, Google Pay, Apple Pay ইত্যাদি, ১৩) বাংলাদেশ অটোমেটেড চেক প্রসেসিং সিস্টেম (BACH-Bangladesh Automated Cheque Processing System), ১৪) বাংলাদেশ ইলেকট্রনিক পেমেন্ট সিস্টেমস (BEPS-Bangladesh Electronic Payment Systems) ও ১৫) প্রতিষ্ঠান বা সংস্থার অনুমোদিত দেশি ও বিদেশি প্রতিনিধিদের মাধ্যমে দান-অনুদান, বিনিয়োগ, ঋণ সংগ্রহ করতে পারবে।

২৬। সদস্য ফি কাঠামো ও অর্থায়নের নির্দেশিকা

(১) **রেজিস্ট্রেশন ফি:** নতুন সদস্যদের প্রতিষ্ঠান বা সংস্থার ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস কার্যক্রমের আওতাভুক্ত প্রকল্প, কর্মসূচি ও কার্যক্রমের সাথে যুক্ত হওয়ার জন্য একটি এককালীন অফেরতযোগ্য ফি প্রদান করতে হবে।

(২) **সাবস্ক্রিপশন ফি:** সদস্যদের রেজিস্ট্রেশনের মেয়াদ অনুযায়ী প্রতিষ্ঠান বা সংস্থার বিভিন্ন কার্যক্রমে অংশগ্রহণের জন্য অফেরতযোগ্য মাসিক বা বার্ষিক সাবস্ক্রিপশন ফি করতে হবে।

(৩) **অন্যান্য সদস্য ফি:** বিভিন্ন কার্যক্রম বা বিশেষ সুবিধার জন্য বিশেষ অনুষ্ঠান ফি বা কর্মশালা বা সেমিনার ফি বা সার্টিফিকেট বা আইডি ফি প্রদান করতে হবে (প্রযোজ্যক্ষেত্রে)।

(৪) **রেজিস্ট্রেশন ফি ও সাবস্ক্রিপশন ফি হ্রাস বা বৃদ্ধি:** প্রতিষ্ঠান বা সংস্থা প্রয়োজন অনুসারে My Welfare App, welfarebd.org এবং সংশ্লিষ্ট যেকোনো অ্যাপ বা ওয়েবসাইটের মাধ্যমে ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস কার্যক্রমসহ প্রতিষ্ঠান বা সংস্থার অন্যান্য প্রকল্প, কর্মসূচি ও কার্যক্রম বাস্তবায়নের উদ্দেশ্যে যেকোনো সময় রেজিস্ট্রেশন ফি ও সাবস্ক্রিপশন ফি হ্রাস বা বৃদ্ধি করতে পারবে।

(৫) **স্বেচ্ছায় ও স্বপ্রণোদিতভাবে এককালীন অফেরতযোগ্য রেজিস্ট্রেশন ফি ও সাবস্ক্রিপশন ফি দিয়ে অংশগ্রহণ:**

প্রকল্পভিত্তিক অ্যাপ, ওয়েবসাইট ও সফটওয়্যারের মাধ্যমে সদস্যরা স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি প্রকল্প, কর্মসূচি ও কার্যক্রমে স্বেচ্ছায় ও স্বপ্রণোদিতভাবে অংশগ্রহণ করতে পারবে। এই অংশগ্রহণের জন্য নিম্নোক্ত শর্তাবলী প্রযোজ্য হবে। যথা:

(ক) ফি প্রদানের বাধ্যবাধকতা:

১) সদস্যদেরকে নির্ধারিত এককালীন অফেরতযোগ্য রেজিস্ট্রেশন ফি এবং নির্দিষ্ট মেয়াদের জন্য সাবস্ক্রিপশন ফি প্রদান করতে হবে।

২) এ ফি সদস্যপদ প্রক্রিয়াকরণ ও সেবা ব্যবস্থাপনার পূর্বশর্ত হিসেবে বিবেচিত হবে।

(খ) ফি ব্যবহারের উদ্দেশ্য:

সংগৃহীত ফি দান-অনুদান নির্ভর প্রকল্পসমূহের প্রস্তুতি, প্রক্রিয়াকরণ ও দাখিলের জন্য প্রয়োজনীয় প্রশাসনিক ও কারিগরি ব্যয় নির্বাহে ব্যবহৃত হবে।

(গ) সুবিধা গ্রহণের কাঠামো:

পৃষ্ঠা ৫ থেকে ২০

১) সদস্যরা নির্ধারিত সময়সীমার মধ্যে রেজিস্ট্রেশনকৃত পরিষেবা বা নির্ধারিত ফ্রি সেবার বরাদ্দ অনুযায়ী ধাপে ধাপে সুবিধা গ্রহণ করবে।
২) সেবার ধরন ও পর্যায় প্রতিষ্ঠান বা সংস্থার নির্দেশিত নিয়ম ও শর্ত অনুযায়ী পরিচালিত হবে।

(ঘ) শর্তসাপেক্ষ অংশগ্রহণ:

১) সদস্যদের অংশগ্রহণ সম্পূর্ণ শর্তসাপেক্ষ।
২) প্রতিষ্ঠান বা সংস্থার উপর কোনো প্রকার চাপ প্রয়োগ, জোরপূর্বক সেবা আদায়ের চেষ্টা বা অন্যান্য দাবি গ্রহণযোগ্য হবে না এবং তা নীতিমালার পরিপন্থী হিসেবে বিবেচিত হবে।

২৭। রেজিস্ট্রেশন ফি ও সাবস্ক্রিপশন ফি রিফান্ড পলিসি

প্রতিষ্ঠান বা সংস্থার ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস কার্যক্রমের আওতাভুক্ত প্রকল্প, কর্মসূচি ও কার্যক্রমের রেজিস্ট্রেশন ফি ও সাবস্ক্রিপশন ফি সংক্রান্ত অর্থনৈতিক লেনদেনের ক্ষেত্রে নিম্নোক্ত রিফান্ড পলিসি প্রযোজ্য হবে:

(১) রেজিস্ট্রেশন ফি রিফান্ড পলিসি:

(ক) সদস্যপদ প্রাপ্তির জন্য প্রদত্ত এককালীন অফেরতযোগ্য রেজিস্ট্রেশন ফি কোনোভাবেই ফেরতযোগ্য নয়।
(খ) এই ফি প্রতিষ্ঠান বা সংস্থা কর্তৃক সদস্যপদ প্রক্রিয়া সম্পাদন, প্রশাসনিক যাচাই এবং প্ল্যাটফর্ম ব্যবস্থাপনার খরচ নির্বাহে ব্যবহৃত হয়।
(গ) কোনো সদস্য স্বেচ্ছায় সদস্যপদ বাতিল করলেও বা পরবর্তীতে সেবা গ্রহণ না করলেও ফি ফেরতের দাবি গ্রহণযোগ্য নয়।

(২) সাবস্ক্রিপশন ফি রিফান্ড পলিসি:

(ক) নির্ধারিত মেয়াদের জন্য প্রদত্ত সাবস্ক্রিপশন ফি ফেরতযোগ্য নয়।
(খ) সদস্যগণ নির্ধারিত সময়সীমার মধ্যে এই ফি পরিশোধ করে সেবা গ্রহণের অধিকার অর্জন করবে এবং প্রতিষ্ঠান বা সংস্থার চলমান কার্যক্রমে অংশগ্রহণের সুযোগ পাবে।
(গ) স্বেচ্ছায় সদস্যপদ পরিত্যাগ, নিষ্ক্রিয়তা বা নিজ সিদ্ধান্তে সেবা গ্রহণ বন্ধ করলেও সাবস্ক্রিপশন ফি ফেরত দেওয়া হবে না।

(৩) অন্যান্য শর্তাবলী:

(ক) প্রতিষ্ঠান বা সংস্থা তার বিবেচনায় বিশেষ পরিস্থিতিতে (যেমন: প্রযুক্তিগত ত্রুটি বা দ্বৈত লেনদেন) সীমিত ও যাচাইসাপেক্ষে ফেরত বিবেচনা করতে পারে।
(খ) এ ধরনের ক্ষেত্রে লিখিত আবেদন, প্রমাণাদি ও কর্তৃপক্ষের অনুমোদন প্রয়োজন হবে।
(গ) ফেরতের সিদ্ধান্ত কর্তৃপক্ষের বিবেচনায় চূড়ান্ত ও বাধ্যতামূলক বলে গণ্য হবে।

২৮। সদস্যপদে অংশগ্রহণ ও অফেরতযোগ্য রেজিস্ট্রেশন ফি ও সাবস্ক্রিপশন ফি ব্যবস্থাপনা

প্রতিষ্ঠান বা সংস্থার অন্যতম লক্ষ্য হলো অনগ্রসর, দরিদ্র, পিছিয়ে পড়া এবং সমস্যাগ্রস্ত জনগণের আর্থিক ক্ষমতায়ন ও জীবনমান উন্নয়ন। এই লক্ষ্য অর্জনের জন্য বিভিন্ন স্থায়ী ও অস্থায়ী প্রকল্প, কর্মসূচি ও কার্যক্রম বাস্তবায়ন করা হবে, যার অর্থায়নের একটি মূল উৎস হবে বিভিন্ন ধরনের সদস্যপদে রেজিস্ট্রেশন ও সাবস্ক্রিপশনের মাধ্যমে সংগৃহীত এককালীন অফেরতযোগ্য ফি। সদস্যরা স্বেচ্ছায় স্বপ্রণোদিতভাবে নির্ধারিত শ্রেণিভুক্ত সদস্যপদে আবেদন করে নির্ধারিত রেজিস্ট্রেশন ফি ও সাবস্ক্রিপশন ফি এককালীন পরিশোধ করবে। সদস্যপদে অংশগ্রহণ ও অফেরতযোগ্য প্রাপ্ত ফি ব্যবস্থাপনা। যথা:

(১) রেজিস্ট্রেশন ফি ও সাবস্ক্রিপশন ফি নিম্নলিখিত খাতসমূতে ব্যয় ও বিনিয়োগ করা হবে:

(ক) প্রতিষ্ঠান বা সংস্থার প্রশাসনিক পরিচালন ব্যয়;
(খ) স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি প্রকল্প বা কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন ব্যয়;
(গ) সদস্যদের জন্য নির্ধারিত সুবিধা প্রদান ও কার্যকরকরণ ব্যয়;
(ঘ) প্রযুক্তি ও তথ্য-ডাটাবেজ ব্যবস্থাপনা ব্যয়;
(ঙ) দেশ ও বিদেশে স্থাবর ও অস্থাবর সম্পদ/সম্পত্তি ক্রয়ের ক্ষেত্রে ব্যয়;
(চ) কর্মকর্তা, কর্মচারী, কর্মী ও অস্থায়ী বা পার্ট-টাইম জনবলের ন্যায্য ও প্রণোদনামূলক আর্থিক সুবিধা (যেমন: বেতন বা ভাতা, কমিশন, বোনাস, ইনসেনটিভ, পুরস্কার ইত্যাদি) ব্যয়;
(ছ) সরকারি-বেসরকারি অংশীদারিত্বে বিভিন্ন প্রকল্প বা কর্মসূচি বাস্তবায়নে বিনিয়োগ ব্যয়;
(জ) দেশি ও বিদেশি বিভিন্ন কোম্পানি, আর্থিক প্রতিষ্ঠান ও শিল্প প্রতিষ্ঠানে এককভাবে অথবা যৌথভাবে বিনিয়োগ ব্যয়;
(ঝ) চার্ট অব অ্যাকাউন্টস অনুসারে অন্যান্য খাতসমূহে ব্যয়।

(২) রেজিস্ট্রেশন ফি ও সাবস্ক্রিপশন ফি সংগ্রহ বা পরিশোধের মাধ্যম: প্রতিষ্ঠান বা সংস্থা তার ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস কার্যক্রম ও আওতাভুক্ত প্রকল্প, কর্মসূচি ও কার্যক্রম বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় আর্থিক সম্পদ সুনিশ্চিত করার উদ্দেশ্যে জাতীয় ও আন্তর্জাতিক কমিউনিটি ভিত্তিক রেজিস্ট্রেশন ফি এবং সাবস্ক্রিপশন ফি সংগ্রহ করতে পারবে। এ সংক্রান্ত কার্যক্রমসমূহ উল্লিখিত যেকোনো পদ্ধতি ও মাধ্যম দ্বারা পরিচালনা করতে পারবে। যথা: ১) বাংলাদেশ ও আন্তর্জাতিক স্তরে সাধারণ ব্যাংকিং সেবা ব্যবহারের মাধ্যমে, ২) অনলাইন ব্যাংকিং ও এজেন্ট ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে, ৩) ক্রিপ্টোকারেন্সির মাধ্যমে অর্থ সংগ্রহ (প্রযোজ্য ক্ষেত্রে), ৪) বাংলাদেশ ইলেকট্রনিক ফান্ডস ট্রান্সফার নেটওয়ার্ক (BEFTN), ৫) রিয়েল টাইম গ্রস সেটেলমেন্ট (RTGS), ৬) ন্যাশনাল পেমেন্ট সুইচ বাংলাদেশ (NPSB), ৭) বাংলা কিউআর / কিউআর পেমেন্ট (Bangla QR / QR Payment), ৮) মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসেস (MFS:bKash, Nagad, Rocket, Upay, SureCash, TapPay, iPay ইত্যাদি), ৯) আন্তঃব্যাংক অর্থ স্থানান্তর (IBFT-Inter-Bank Fund Transfer), ১০) কার্ড পেমেন্ট সিস্টেম (Visa, Mastercard, Amex, UnionPay), ১১) ই-কমার্স ও অনলাইন পেমেন্ট গেটওয়ে (EOPG: ShurjaPay, SSLCommerz, PortWallet, EkPay, AamarPay, ইত্যাদি), ১২) আন্তর্জাতিক ই-কমার্স ও অনলাইন পেমেন্ট গেটওয়ে PayPal, Stripe, Payoneer, Skrill, 2Checkout (Verifone), Authorize.Net, Square, Amazon Pay, Google Pay, Apple Pay ইত্যাদি, ১৩) বাংলাদেশ অটোমেটেড চেক প্রসেসিং সিস্টেম (BACH-Bangladesh Automated Cheque Processing System), ১৪) বাংলাদেশ ইলেকট্রনিক পেমেন্ট সিস্টেমস (BEPS-Bangladesh Electronic Payment Systems) ও ১৫) প্রতিষ্ঠান বা সংস্থার অনুমোদিত দেশি ও বিদেশি প্রতিনিধিদের মাধ্যমে রেজিস্ট্রেশন ফি ও সাবস্ক্রিপশন ফি সংগ্রহ বা পরিশোধ করতে পারবে।

২৯। বিভিন্ন প্রকার রেজিস্ট্রেশন ফি ও সাবস্ক্রিপশন ফি গ্রহণ ব্যবস্থাপনায় হয়রানিমূলক আইনি পদক্ষেপ নিষিদ্ধ

প্রতিষ্ঠান বা সংস্থা কর্তৃক অনুমোদিত নিয়মাবলী অনুসারে নির্ধারিত হার ও পদ্ধতিতে গৃহীত ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস কার্যক্রমের আওতাভুক্ত রেজিস্ট্রেশন ফি ও সাবস্ক্রিপশন ফি বৈধ ও চূড়ান্ত বলে গণ্য হবে। একবার প্রদত্ত কোনো ফি কোনো অবস্থাতেই ফেরতযোগ্য হবে না, যদি না প্রতিষ্ঠান বা সংস্থার নীতিমালায় বিশেষভাবে ভিন্নভাবে উল্লেখ থাকে। ফি প্রদানের মাধ্যমে সংশ্লিষ্ট সদস্য বা গ্রাহক উক্ত নীতিমালা স্বেচ্ছায় ও পূর্ণ সম্মতিতে গ্রহণ করেছেন বলে বিবেচিত হবে। এই বিষয়ে কোনো আদালত, ট্রাইব্যুনাল বা প্রশাসনিক কর্তৃপক্ষের নিকট মামলা, অভিযোগ বা অন্য কোনো প্রকার আইনি কার্যধারা গ্রহণযোগ্য হবে না। সকল প্রকার বিরোধ কেবলমাত্র প্রতিষ্ঠান বা সংস্থার অভ্যন্তরীণ বিরোধ নিষ্পত্তি কমিটি ও প্রতিষ্ঠান বা সংস্থার বিধি এবং প্রক্রিয়া অনুযায়ী নিষ্পত্তি করা হবে।

৩০। প্রতিষ্ঠান বা সংস্থা কর্তৃক বিভিন্ন খাতে বিনিয়োগ ও মুনাফা বণ্টন

(১) মুনাফার বিনিয়োগ ও বণ্টন: প্রতিষ্ঠান বা সংস্থা কর্তৃক ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস এর আওতায় বিভিন্ন লাভজনক প্রকল্প, কর্মসূচি ও কার্যক্রমের মাধ্যমে অর্জিত মুনাফা কার্যক্রম সম্প্রসারণ, উন্নয়নমূলক প্রকল্পে বিনিয়োগ এবং ভবিষ্যৎ স্থিতিশীলতা নিশ্চিত করার জন্য ব্যবহৃত হবে। অবশিষ্ট মুনাফা প্রতিষ্ঠান বা সংস্থার নীতি অনুযায়ী অংশীদার, ম্যানেজমেন্ট সদস্য বা সংশ্লিষ্ট পক্ষের মধ্যে ন্যায্যভাবে বণ্টন করা যেতে পারে। বিনিয়োগ ও বণ্টনের ক্ষেত্রে স্বচ্ছতা, জবাবদিহিতা ও প্রযোজ্য আইন এবং বিধিমালা কঠোরভাবে অনুসরণ করা হবে।

(২) প্রতিষ্ঠান বা সংস্থা কর্তৃক বিভিন্ন খাতে বিনিয়োগ: বিনিয়োগযোগ্য ক্ষেত্রসমূহ হবে নিম্নরূপ:

(ক) সরকারি সঞ্চয়পত্র, বন্ড ও ট্রেজারি বিল;
(খ) ব্যাংক ফিক্সড ডিপোজিট ও আমানত স্কিম;
(গ) শেয়ার বাজারে অনুমোদিত শেয়ার ও মিউচুয়াল ফান্ড;
(ঘ) অবকাঠামো ও শিল্প উন্নয়ন প্রকল্প;
(ঙ) সামাজিক উন্নয়ন ও প্রভাবমূলক প্রকল্প (Social Impact Projects);
(চ) বিভিন্ন প্রকার উন্নয়নমূলক প্রকল্প, কর্মসূচি ও কার্যক্রম;
(ছ) সরকারি-বেসরকারি অংশীদারিত্বে বিভিন্ন প্রকল্প বা কর্মসূচি বাস্তবায়নে বিনিয়োগ;
(জ) দেশি ও বিদেশি বিভিন্ন কোম্পানি, আর্থিক প্রতিষ্ঠান ও শিল্প প্রতিষ্ঠানে এককভাবে অথবা যৌথভাবে বিনিয়োগ।

পৃষ্ঠা ৬ থেকে ২০

৩১। দান-অনুদান, বিনিয়োগ ও ঋণ সংগ্রহকারীদের জন্য ফি ও কমিশন ব্যবস্থাপনা

ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস কার্যক্রম বাস্তবায়নে প্রতিষ্ঠান বা সংস্থার পক্ষ থেকে যেসব ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা নির্ধারিত পদ্ধতিতে দান-অনুদান, বিনিয়োগ বা ঋণ সংগ্রহে সহায়তা করবে, তাদের নির্ধারিত হারে সম্মানী বা ফি বা চার্জ বা কমিশন প্রদান করা যেতে পারে। এই হার নিম্নরূপ:

(১) **দান-অনুদান সংগ্রহের ক্ষেত্রে:** দান-অনুদান সংগ্রহকারী ব্যক্তি বা প্রতিষ্ঠান বা সংস্থার ক্ষেত্রে মোট প্রাপ্ত অনুদানের সর্বোচ্চ ৩% থেকে ১০% পর্যন্ত কমিশন বা চার্জ বা ফি প্রদানযোগ্য হবে।

(২) **বিনিয়োগ সংগ্রহের ক্ষেত্রে:** বিনিয়োগ সংগ্রহকারীদের ক্ষেত্রে মোট প্রাপ্ত বিনিয়োগের উপর সর্বোচ্চ ৫% থেকে ৭.৫% পর্যন্ত কমিশন বা চারজ বা ফি প্রদান করা যাবে।

(৩) **ঋণ সংগ্রহের ক্ষেত্রে:** ঋণ সংগ্রহে সহায়তাকারীদের জন্য প্রাপ্ত ঋণের সর্বোচ্চ ২.৫% থেকে ৫% পর্যন্ত কমিশন বা চার্জ বা ফি নির্ধারণযোগ্য হবে।

৩২। ব্যাংক হিসাব ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণ

প্রতিষ্ঠান বা সংস্থা ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস কার্যক্রম ও আওতাভুক্ত প্রকল্প, কর্মসূচি ও কার্যক্রম বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় যেকোনো ব্যাংক হিসাব খোলা ও পরিচালনা করতে পারবে। উক্ত হিসাবসমূহ কেবলমাত্র নির্ধারিত ও অনুমোদিত ব্যক্তিবর্গের মাধ্যমে পরিচালিত হবে এবং যথাযথ রেকর্ড সংরক্ষণ নিশ্চিত করা হবে।

৩৩। প্রতিষ্ঠান বা সংস্থার অ্যাকাউন্ট সম্পর্কিত বিধান

প্রতিষ্ঠান বা সংস্থা ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস কার্যক্রম ও আওতাভুক্ত প্রকল্প, কর্মসূচি ও কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে দেশ ও বিদেশে এক বা একাধিক সঞ্চয়ী, চলতি, মেয়াদী, এসএনডি বা অন্যান্য প্রকারের ব্যাংক হিসাব খুলতে ও পরিচালনা করতে পারবে। উক্ত হিসাবসমূহ প্রতিষ্ঠান বা সংস্থার প্রযোজ্য আইন, বিধি-বিধান ও অনুমোদিত কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী পরিচালিত হবে।

৩৪। আর্থিক স্বচ্ছতা ও জবাবদিহিতা

প্রতিষ্ঠান বা সংস্থার ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস কার্যক্রম ও আওতাভুক্ত প্রকল্প, কর্মসূচি ও কার্যক্রমসমূহের আওতাভুক্ত সকল আর্থিক লেনদেন স্বচ্ছ, সঠিক ও সময়মতো নথিভুক্ত করা হবে। উক্ত লেনদেনের ভিত্তিতে আর্থিক প্রতিবেদন প্রস্তুত করা হবে এবং আর্থিক স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা হবে।

৩৫। নিরীক্ষা (Audit) ও জবাবদিহিতা

প্রতিষ্ঠান বা সংস্থার ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস কার্যক্রম ও আওতাভুক্ত প্রকল্প, কর্মসূচি ও কার্যক্রমসমূহের আওতাভুক্ত বার্ষিক আয়-ব্যয়ের নিরীক্ষা সরকারের অনুমোদিত নিরীক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে সম্পন্ন করা হবে। উক্ত নিরীক্ষা প্রতিবেদন অনুযায়ী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে এবং আর্থিক স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা হবে।

সপ্তম অধ্যায়

ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস কার্যক্রম ও বাস্তবায়ন

৩৬। ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস (WSS) এর আওতাভুক্ত প্রকল্প, কর্মসূচি ও কার্যক্রমসমূহ

ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস হলো প্রতিষ্ঠান বা সংস্থার গৃহিত ও পরিকল্পিত একটি সমাজিক উদ্যোগ, যার প্রধান লক্ষ্য দেশের অনগ্রসর ও দারিদ্র্যপীড়িত জনগোষ্ঠীর অর্থনৈতিক ক্ষমতায়ন, জীবনমানের উন্নয়ন এবং দারিদ্র্য বিমোচন। এ উদ্যোগ স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে টেকসই উন্নয়নকে এগিয়ে নেবে। ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস কার্যক্রম পরিচালিত হবে দান, অনুদান, ঋণ, বিনিয়োগ, এবং সদস্যদের রেজিস্ট্রেশন ফি ও সাবস্ক্রিপশন ফি থেকে প্রাপ্ত অর্থ দ্বারা। এই উদ্যোগ জাতীয় পর্যায়ে অর্থনৈতিক উন্নয়ন ও সামাজিক কল্যাণ ত্বরান্বিত করতে অবদান রাখবে। বিশেষ করে বাংলাদেশের অনগ্রসর, দরিদ্র, পিছিয়ে পড়া ও সমস্যাগ্রস্ত জনগোষ্ঠীর ক্ষমতায়ন এবং জীবনমানের উন্নয়নের লক্ষ্যে ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস এর আওতায় বিভিন্ন প্রকল্প, কর্মসূচি ও কার্যক্রম বাস্তবায়ন করার জন্য দেশি-বিদেশি প্রযুক্তি উদ্যোক্তা, গবেষণা প্রতিষ্ঠান, উন্নয়ন অংশীদারদের সঙ্গে যৌথ উদ্যোগ, অর্থায়ন, প্রযুক্তি স্থানান্তর, প্রশিক্ষণ এবং যেকোনো পরিমাণ ও যেকোনো প্রকার বিনিয়োগ, অনুদান, ঋণ, শেয়ার বিনিয়োগ ও প্রযুক্তি, কারিগরি সহায়তা গ্রহণ ও ব্যবহার এবং একক বা অংশীদারিত্বমূলক উদ্যোগ গ্রহণ করতে পারবে। প্রকল্প, কর্মসূচি ও কার্যক্রম ভিত্তিক সামাজিক ও অর্থনৈতিক সেবাসমূহ নিম্নরূপ:

(১) **টেকসিটি (TechCity):** প্রতিষ্ঠান বা সংস্থা আধুনিক এবং প্রযুক্তি নির্ভর নগর পরিকল্পনা করবে, যা নগর উন্নয়নকে প্রযুক্তির সাথে একীভূত করে নতুন শহরের ডিজাইন এবং অবকাঠামোর উন্নয়ন করবে। এই ধরণের শহরগুলি ভবিষ্যত প্রজন্মের প্রয়োজনীয়তা পূরণে সক্ষম এবং নাগরিকদের জন্য উন্নত জীবনযাত্রা নিশ্চিত করবে।

(২) **প্রগতিশীল গ্রাম (Progressive Village):** প্রতিষ্ঠান বা সংস্থা প্রগতিশীল গ্রামের পরিকল্পনা প্রণয়ন করবে, যেখানে গ্রামীণ এলাকার উন্নয়ন আধুনিক প্রযুক্তির মাধ্যমে সম্ভব হবে, যাতে গ্রামীণ জনগণের জীবনযাত্রার মান বৃদ্ধি পায় এবং তারা শহরের উন্নত সুবিধাগুলোর সমান সুযোগ পাবে। এটি একটি আধুনিক গ্রামীণ উন্নয়ন মডেল যা প্রযুক্তির সাহায্যে গ্রামীণ সমাজের বিভিন্ন দিক যেমন কৃষি, শিক্ষা, স্বাস্থ্য, অবকাঠামো এবং পরিবেশ রক্ষা নিশ্চিত করতে সাহায্য করবে।

(৩) **সমন্বিত শিক্ষা (Integrated Education):** সমন্বিত শিক্ষা প্রতিষ্ঠান বা সংস্থার এমন একটি শিক্ষার পদ্ধতি, যেখানে বিভিন্ন শাখার জ্ঞান এবং দক্ষতা একত্রিত করে শিক্ষার্থীদের সার্বিক উন্নয়ন নিশ্চিত করা হয়। এটি একটি বহুমুখী পদ্ধতি যা শিক্ষাকে আরো সৃজনশীল, আধুনিক এবং প্রযুক্তি নির্ভর করে তুলবে। সমন্বিত শিক্ষার লক্ষ্য হলো শিক্ষার্থীদের বিভিন্ন বিষয়গুলোর মধ্যে সম্পর্ক সৃষ্টি করা এবং তাদের চিত্তাকর্ষক ও অনুপ্রাণিত করা, যাতে তারা বৈচিত্র্যময় দক্ষতা অর্জন করতে পারে।

(৪) **স্বাস্থ্যসেবা (Health Services):** প্রতিষ্ঠান বা সংস্থা সাশ্রয়ী ও উন্নত স্বাস্থ্যসেবা প্রদানের মাধ্যমে জনসাধারণের সুস্বাস্থ্য নিশ্চিত করবে। স্বাস্থ্যসেবা ব্যবস্থাকে আধুনিক, সমন্বিত এবং টেকসই করতে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করবে।

(৫) **সোশ্যাল সিকিউরনেট (Social SecureNet):** প্রতিষ্ঠান বা সংস্থা সোশ্যাল সিকিউরনেট একটি উদ্ভাবনী সামাজিক নিরাপত্তা ব্যবস্থা যা প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে মানুষের জীবনমান উন্নত করতে এবং সমাজে সুরক্ষা প্রদান করতে কাজ করে। এটি গ্রামীণ, শহরে বা সংকটাপন্ন এলাকায় মানুষের জন্য সমান সুযোগ, আর্থিক নিরাপত্তা, স্বাস্থ্য সেবা, শিক্ষা এবং কর্মসংস্থান নিশ্চিত করবে। প্রযুক্তির মাধ্যমে তথ্য সেবা এবং সুবিধা পৌঁছে দেওয়া, পাশাপাশি সামাজিক নিরাপত্তা খাতের বিভিন্ন সুবিধা সহজলভ্য করে তোলাই এই প্রকল্পের মূল লক্ষ্য।

(৬) **টেক এগ্রিকালচার ডেভেলপমেন্ট (Tech-Agricultural development):** প্রতিষ্ঠান বা সংস্থা টেক এগ্রিকালচার ডেভেলপমেন্ট প্রযুক্তির মাধ্যমে কৃষি ব্যবস্থাপনা এবং খাদ্য নিরাপত্তা উন্নত করার একটি উদ্ভাবনী পদ্ধতি প্রণয়ন করবে। এটি আধুনিক কৃষি প্রযুক্তি, ডেটা অ্যানালিটিক্স, এবং সৃজনশীল পদ্ধতি ব্যবহার করে কৃষির উৎপাদনশীলতা বৃদ্ধি এবং কৃষকরা যেন উচ্চমানের এবং সুরক্ষিত খাদ্য উৎপাদন করতে পারে, তা নিশ্চিত করার দিকে মনোনিবেশ করবে। এটি কৃষি খাতে প্রযুক্তির ব্যবহারকে আরও কার্যকর এবং ফলপ্রসূ করে তুলবে।

(৭) **আধুনিক উৎপাদন (Modern Manufacturing):** প্রতিষ্ঠান বা সংস্থা আধুনিক উৎপাদন পদ্ধতি যা উন্নত প্রযুক্তি, অটোমেশন, এবং আধুনিক সিস্টেম ব্যবহার করে উৎপাদন কার্যক্রমকে আরও কার্যকরী, দক্ষ এবং লাভজনক করে তুলবে। এই পদ্ধতিতে মেশিন, রোবট, অটোমেটেড প্রক্রিয়া, এবং ডিজিটাল প্রযুক্তি ব্যবহার করে পণ্য উৎপাদন এবং বিপণন প্রক্রিয়াকে দ্রুত, সাশ্রয়ী এবং উন্নতমানের করবে। আধুনিক উৎপাদন প্রযুক্তি শিল্পখাতে পরিবর্তন আনার পাশাপাশি গ্রাহক চাহিদা অনুযায়ী আরও সুনির্দিষ্ট এবং মানসম্মত পণ্য তৈরি করার সুযোগ সৃষ্টি করবে।

(৮) **সার্ভিস ইনোভেশন (Service Innovation):** প্রতিষ্ঠান বা সংস্থার সার্ভিস ইনোভেশন হলো নতুন এবং উন্নত প্রযুক্তি, পদ্ধতি এবং চিন্তাভাবনা ব্যবহারের মাধ্যমে সেবা খাতের মান ও কার্যকারিতা বৃদ্ধি করবে। এটি সেবা প্রদানকারী সংস্থার জন্য একটি নতুন দিগন্ত উন্মোচন করবে, যা সেবাগ্রহীতার কাছে আরও সহজ, দ্রুত এবং ব্যক্তিগত সেবা পৌঁছে দিতে সাহায্য করবে। আধুনিক এবং প্রযুক্তি নির্ভর সেবা খাতের উদ্ভাবন, সেবাগ্রহীতাদের চাহিদা পূরণ এবং বাজারে প্রতিযোগিতামূলক সুবিধা অর্জন করার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।

(৯) **ই-গভর্নেন্স প্রশাসন (e-Gov Administration):** একটি ডিজিটাল প্ল্যাটফর্মভিত্তিক প্রশাসনিক কাঠামো, যা সুশাসন, স্বচ্ছতা, এবং দক্ষতা নিশ্চিত করতে প্রতিষ্ঠান বা সংস্থা ডিজিটাল প্রযুক্তি ব্যবহার করবে। এটি জনগণের সঙ্গে সরকারের সরাসরি যোগাযোগ সহজতর করে এবং সেবা প্রদানের দক্ষ ও প্রযুক্তি নির্ভর প্রশাসনিক ব্যবস্থাপনা গতিশীলতা বৃদ্ধি করবে।

(১০) **ইউটিলিটি গেটওয়ে (UtilityGateway):** প্রতিষ্ঠান বা সংস্থা ইউটিলিটি গেটওয়ে ডিজিটাল প্ল্যাটফর্ম বা সিস্টেম যা বিভিন্ন ধরণের ইউটিলিটি সেবা (যেমন বিদ্যুৎ, গ্যাস, পানি, টেলিযোগাযোগ, ইত্যাদি) একীভূত করে সেবাগ্রহীতাদের জন্য সহজ, দ্রুত, এবং কার্যকরী সেবা প্রদান করতে সহায়তা করবে। এই সিস্টেমের মাধ্যমে ইউটিলিটি সেবাগুলিকে একটি কেন্দ্রীয় প্ল্যাটফর্মের মাধ্যমে নিয়ন্ত্রণ করা সম্ভব হবে, যা সেবাগ্রহীতাদের বিভিন্ন সেবার সাথে সংযুক্তি এবং পরবর্তী পর্যায়ের সেবা প্রদান প্রক্রিয়াকে আরও সহজতর করে তুলবে।

(১১) **কৃষি ও পরিবেশ সুরক্ষা ভিত্তিক প্রকল্প, কর্মসূচি ও কার্যক্রম:** প্রতিষ্ঠান বা সংস্থার কৃষি ও পরিবেশ সুরক্ষা ভিত্তিক প্রকল্প, কর্মসূচি ও কার্যক্রম সমূহ হলো: ১) প্রযুক্তি সমৃদ্ধ টেকসই কৃষি ও কৃষি পদ্ধতির প্রশিক্ষণ প্রদান করা, ২) খাস জমি, অনাবাদি জমি, এবং সরকারি বা বেসরকারি লিজ নেওয়া জমি আবাদ করে কৃষি ও বনায়ন প্রকল্প বাস্তবায়ন করা, ৩) খাস জমি ও পাহাড় আবাদ করে পরিকল্পিত বনায়নের মাধ্যমে পরিবেশের ভারসাম্য রক্ষা করা, ৪) পরিবেশ রক্ষা ও পুনরুদ্ধারে পরিকল্পিত বনায়ন এবং নবায়নযোগ্য জ্বালানি (সোলার পাওয়ার, বায়োগ্যাস) প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করা, ৫) জলবায়ু অভিযোজন কর্মসূচি এবং জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলায় সচেতনতা কার্যক্রম পরিচালনা করা ও ৬) বর্জ্য ব্যবস্থাপনা এবং পরিবেশবান্ধব পুনর্ব্যবহারযোগ্য পণ্যের ব্যবহার প্রচার করা। এছাড়াও প্রতিষ্ঠান বা সংস্থা বিভিন্ন ধরণের কৃষি ও

পৃষ্ঠা ৭ থেকে ২০

পরিবেশ সুরক্ষা ভিত্তিক কার্যক্রম এবং স্বল্প, মধ্য, দীর্ঘমেয়াদি স্থায়ী অথবা অস্থায়ী প্রকল্প ও কর্মসূচি গ্রহণ, বাস্তবায়ন ও পরিচালনা করবে, যার মাধ্যমে স্থানীয় জনগণের জীবনযাত্রার মান উন্নত হবে এবং তারা স্বনির্ভর হতে পারবে।

(১২) **অর্থনৈতিক উন্নয়ন ও উদ্যোক্তা সেবা:** প্রতিষ্ঠান বা সংস্থা জমি লিজ গ্রহণ, যৌথ বিনিয়োগ ও আধুনিক চাষাবাদসহ (মৎস্য, হাঁস-মুরগি, গবাদিপশু, মাশরুম) লাভজনক খাতগুলোতে প্রকল্প বাস্তবায়ন করবে। কুটির শিল্প, হোটেল-রেস্তোরাঁ ও পরিবহন খাতে বিনিয়োগের পাশাপাশি সদস্যদের জন্য ক্ষুদ্র ঋণ চালু করবে। নারী ও যুব উদ্যোক্তাদের প্রশিক্ষণ ও আর্থিক সহায়তা প্রদান করে উদ্যোক্তা সৃষ্টি ও স্বনির্ভরতা নিশ্চিত করা হবে। সংস্থা স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি অর্থনৈতিক প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের মাধ্যমে স্থানীয় জনগণের জীবনমান উন্নয়নে কাজ করবে।

(১৩) **শিক্ষা ও দক্ষতা উন্নয়ন কার্যক্রম:** প্রতিষ্ঠান বা সংস্থা ডিজিটাল প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন ও কম্পিউটার কোর্সসহ আধুনিক প্রযুক্তিভিত্তিক প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করবে। দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের জন্য আর্থিক সহায়তা, এবং কেজি থেকে মাধ্যমিক বিদ্যালয়, মাদ্রাসা ও পাঠাগার স্থাপন করা হবে, কর্মমুখী শিক্ষা, কারিগরি প্রশিক্ষণ ও মোবাইল লাইব্রেরি চালু করা হবে। বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের জন্য বিশেষায়িত শিক্ষা কার্যক্রম বাস্তবায়ন করা হবে, এসব কার্যক্রমের মাধ্যমে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি শিক্ষা ও দক্ষতা উন্নয়ন প্রকল্প গ্রহণ করে স্থানীয় জনগণের জীবনমান উন্নয়ন ও স্বনির্ভরতা নিশ্চিত করা হবে।

(১৪) **স্বাস্থ্যসেবা ও পুষ্টি উন্নয়ন কার্যক্রম:** প্রতিষ্ঠান বা সংস্থা শিশু ও গর্ভবতী মায়েদের জন্য পুষ্টি উন্নয়ন, টেলিমেডিসিন ও স্বাস্থ্যসেবা কেন্দ্র পরিচালনা, স্বাস্থ্য ক্যাম্প, টিকাদান এবং স্যানিটেশন কার্যক্রম বাস্তবায়ন করবে। কমিউনিটি স্বাস্থ্যকেন্দ্র স্থাপন, মানসিক স্বাস্থ্যসেবা, এবং এইচআইভি/এইডসসহ, করোনা সংক্রামক রোগ সম্পর্কে সচেতনতা কার্যক্রম পরিচালনা করা হবে। স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি স্বাস্থ্য ও পুষ্টি উন্নয়ন প্রকল্পের মাধ্যমে জনগণের সুস্থতা ও স্বনির্ভরতা নিশ্চিত করা হবে।

(১৫) **পর্যটন, সংস্কৃতি ও ক্রীড়া উন্নয়ন কার্যক্রম:** প্রতিষ্ঠান বা সংস্থা স্থানীয় পর্যটন উন্নয়নের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি, পাহাড়ি ও স্থানীয় সংস্কৃতি ও ঐতিহ্য সংরক্ষণ ও প্রচার, এবং ক্রীড়া কার্যক্রমের প্রসারে কাজ করবে। এ লক্ষ্যে বিভিন্ন পর্যটন, সংস্কৃতি ও ক্রীড়া বিষয়ক স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি প্রকল্প ও কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন করা হবে, যাতে স্থানীয় জনগণের জীবনমান উন্নয়ন ও স্বনির্ভরতা নিশ্চিত করা যায়।

(১৬) **প্রযুক্তি ও উদ্ভাবন উন্নয়ন কার্যক্রম:** প্রতিষ্ঠান বা সংস্থা ই-লার্নিং প্ল্যাটফর্ম, ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ ও অনলাইন ব্যবসার সুযোগ তৈরি করবে। উদ্ভাবনী উদ্যোগ (Innovation Hub), প্রযুক্তিভিত্তিক স্টার্টআপ ও 'প্রোগ্রেসিভ ভিলেজ মডেল' বাস্তবায়ন করা হবে। প্রযুক্তিনির্ভর উদ্ভাবনে গবেষণা ও উন্নয়ন কার্যক্রম পরিচালনার পাশাপাশি সংস্থা স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি প্রকল্প গ্রহণ করে স্থানীয় জনগণের দক্ষতা বৃদ্ধি, কর্মসংস্থান এবং স্বনির্ভরতা নিশ্চিত করবে।

(১৭) **টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDGs) অর্জন:** প্রতিষ্ঠান বা সংস্থা টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDGs) অনুসরণ করে কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন করবে। বিশেষভাবে দারিদ্র্যতা দূরীকরণ, মানসম্মত শিক্ষা এবং লিঙ্গসমতার ওপর গুরুত্ব দেওয়া হবে। স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি SDGs-ভিত্তিক প্রকল্পের মাধ্যমে স্থানীয় জনগণের জীবনমান উন্নয়ন ও স্বনির্ভরতা অর্জনের পথ সুগম করা হবে।

(১৮) **সামাজিক উন্নয়ন ও দারিদ্র্য বিমোচন কার্যক্রম:** প্রতিষ্ঠান বা সংস্থা নারীর অধিকার প্রতিষ্ঠা, বাল্যবিবাহ ও যৌতুক প্রতিরোধ, দরিদ্র শিক্ষার্থীদের সহায়তা, বেকার যুবকদের দক্ষ করে কর্মসংস্থানে যুক্ত করা এবং পরিবার পরিকল্পনা বিষয়ক সচেতনতা কার্যক্রম পরিচালনা করবে। সামাজিক উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে সংস্থা বিভিন্ন প্রকারের স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি প্রকল্প গ্রহণ করে স্থানীয় জনগণের জীবনমান উন্নয়ন ও স্বনির্ভরতা নিশ্চিত করবে।

(১৯) **আইনগত সহায়তা কার্যক্রম:** প্রতিষ্ঠান বা সংস্থা সদস্যদের আইনি সমস্যার সমাধানে প্রয়োজনীয় আইনগত সহায়তা প্রদান করবে এবং ভূমি অধিকার বিষয়ে সচেতনতা বৃদ্ধি কার্যক্রম পরিচালনা করবে, যাতে তারা আইনগতভাবে সচেতন ও সুরক্ষিত হতে পারে।

(২০) **যোগাযোগ ব্যবস্থা উন্নয়ন কার্যক্রম:** প্রতিষ্ঠান বা সংস্থা প্রত্যন্ত অঞ্চলে সড়ক ও যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন এবং ডিজিটাল কানেক্টিভিটি নিশ্চিত করার উদ্যোগ গ্রহণ করবে, যা স্থানীয় জনগণের জীবনযাত্রার মান বৃদ্ধি ও অর্থনৈতিক বিকাশে সহায়ক হবে।

৩৭। ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেসের আওতাভুক্ত প্রকল্প, কর্মসূচি ও কার্যক্রম ভিত্তিক সামাজিক ও অর্থনৈতিক সেবাসমূহ

ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেসের আওতাভুক্ত প্রকল্প, কর্মসূচি ও কার্যক্রমসমূহ বাস্তবায়ন করার জন্য দেশি-বিদেশি প্রযুক্তি উদ্যোক্তা, গবেষণা প্রতিষ্ঠান, উন্নয়ন অংশীদারদের সঙ্গে যৌথ উদ্যোগ, অর্থায়ন, প্রযুক্তি স্থানান্তর, প্রশিক্ষণ এবং যেকোনো পরিমাণ ও যেকোনো প্রকার বিনিয়োগ, অনুদান, ঋণ, শেয়ার বিনিয়োগ ও প্রযুক্তি, কারিগরি সহায়তা গ্রহণ ও ব্যবহার এবং একক বা অংশীদারিত্বমূলক উদ্যোগ গ্রহণ করতে পারবে। প্রকল্প, কর্মসূচি ও কার্যক্রম ভিত্তিক সামাজিক ও অর্থনৈতিক সেবাসমূহ নিম্নরূপ:

(১) **শিশুকল্যাণ ও উন্নয়ন:** শিশুদের সুরক্ষা, স্বাস্থ্য, শিক্ষা, পুষ্টি ও মানসিক বিকাশ নিশ্চিত করা। এতিম, অনাথ, পথশিশু ও সুবিধাবঞ্চিত শিশুদের সহায়তা প্রদান। শিশু শ্রম, নির্যাতন ও বাল্যবিবাহ প্রতিরোধে উদ্যোগ গ্রহণ এবং শিশুদের জন্য নিরাপদ পরিবেশ, দক্ষতা উন্নয়ন ও বিনোদনমূলক কার্যক্রম আয়োজনের মাধ্যমে তাদের সামগ্রিক বিকাশে সহায়তা করা।

(২) **প্রতিবন্ধী ব্যক্তিদের কল্যাণ ও উন্নয়ন:** প্রতিবন্ধী ব্যক্তিদের শিক্ষা, স্বাস্থ্যসেবা, দক্ষতা উন্নয়ন ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি। সামাজিক অন্তর্ভুক্তি নিশ্চিত করা, বৈষম্য ও অবহেলা দূর করা। সহায়ক যন্ত্রপাতি, আর্থিক সহায়তা ও পুনর্বাসন কর্মসূচির মাধ্যমে তাদের স্বাবলম্বী ও মর্যাদাপূর্ণ জীবনযাপন নিশ্চিত করা।

(৩) **নারীকল্যাণ ও উন্নয়ন:** নারীর শিক্ষা, স্বাস্থ্য, অর্থনৈতিক ক্ষমতায়ন ও কর্মসংস্থান বৃদ্ধি। বাল্যবিবাহ, নির্যাতন ও বৈষম্য প্রতিরোধ। নেতৃত্ব বিকাশ, সামাজিক নিরাপত্তা ও আইনি সহায়তা নিশ্চিত করা এবং নারী উদ্যোক্তা সৃষ্টি ও পরিবার সমাজে মর্যাদা প্রতিষ্ঠা করে টেকসই উন্নয়নে তাদের সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করা।

(৪) **প্রবীণদের কল্যাণ ও পুনর্বাসন:** প্রবীণদের স্বাস্থ্যসেবা, সামাজিক নিরাপত্তা ও আর্থিক সহায়তা প্রদান। একাকীত্ব দূরীকরণে সামাজিক-সাংস্কৃতিক কার্যক্রমে সম্পৃক্তকরণ এবং পুনর্বাসন কেন্দ্র, বৃদ্ধাশ্রম ও গৃহভিত্তিক সেবা চালু করে তাদের সম্মানজনক ও নিরাপদ জীবনযাপন নিশ্চিত করা।

(৫) **আইনের সংস্পর্শে আসা শিশুদের সহায়তা:** অপরাধে জড়িত বা আইনের সংস্পর্শে আসা শিশুদের পুনর্বাসন, পরামর্শ ও আইনি সহায়তা প্রদান। নিরাপদ আশ্রয়, শিক্ষা ও প্রশিক্ষণের মাধ্যমে পুনঃঅন্তর্ভুক্তি নিশ্চিত করা এবং শাস্তির বদলে সংশোধন ও সুরক্ষাকে অগ্রাধিকার দিয়ে তাদের ভবিষ্যৎ জীবনকে ইতিবাচক পথে এগিয়ে নেওয়া।

(৬) **যুবকল্যাণ ও উন্নয়ন:** যুবসমাজের শিক্ষা, প্রশিক্ষণ, কর্মসংস্থান ও উদ্যোক্তা উন্নয়নকে উৎসাহিত করা। ক্রীড়া, সংস্কৃতি ও নেতৃত্ব বিকাশের সুযোগ সৃষ্টি এবং সামাজিক অবক্ষয়, মাদকাসক্তি ও বেকারত্ব হ্রাসে কার্যক্রম গ্রহণ করে তাদেরকে জাতীয় উন্নয়নে সক্রিয় অংশগ্রহণে উদ্বুদ্ধ করা।

(৭) **কারামুক্ত কয়েদীদের পুনর্বাসন:** কারামুক্ত ব্যক্তিদের সামাজিক পুনঃঅন্তর্ভুক্তি, মানসিক সহায়তা ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি। শিক্ষা, দক্ষতা উন্নয়ন ও পেশাগত প্রশিক্ষণের মাধ্যমে স্বাবলম্বী করা এবং সমাজে বৈষম্য ও অবহেলা দূর করে সম্মানজনক জীবনযাপন নিশ্চিত করা।

(৮) **ভবঘুরে ও নিরাশ্রয় ব্যক্তিদের উন্নয়ন:** ভবঘুরে ও নিরাশ্রয় মানুষদের আশ্রয়, খাদ্য, স্বাস্থ্যসেবা ও পুনর্বাসনের ব্যবস্থা করা। কর্মসংস্থান, শিক্ষা ও প্রশিক্ষণের সুযোগ দিয়ে স্বাবলম্বী করা এবং সামাজিক অন্তর্ভুক্তি ও মর্যাদাপূর্ণ জীবনযাপন নিশ্চিত করা।

(৯) **দীর্ঘস্থায়ী শারীরিক ও মানসিক রোগীদের সহায়তা:** দীর্ঘমেয়াদি শারীরিক ও মানসিক রোগে ভোগা ব্যক্তিদের স্বাস্থ্যসেবা, ঔষধ ও পুনর্বাসন সুবিধা প্রদান। মানসিক সমর্থন, কাউন্সেলিং ও স্বাস্থ্য শিক্ষা দিয়ে তাদের জীবনযাত্রার মান উন্নয়ন এবং পরিবার ও সমাজে অন্তর্ভুক্তি নিশ্চিত করে স্বাবলম্বী জীবনযাপন উৎসাহিত করা।

(১০) **ছাত্রকল্যাণ:** ছাত্রদের শিক্ষা, পুষ্টি, স্বাস্থ্যসেবা ও মানসিক সহায়তা প্রদান। ছাত্রী-ছাত্রদের জন্য অনুদান, বৃত্তি ও প্রশিক্ষণের ব্যবস্থা এবং বিনোদন, ক্রীড়া ও সাংস্কৃতিক কার্যক্রমে অংশগ্রহণ নিশ্চিত করে তাদের সামগ্রিক বিকাশে সহায়তা করা।

(১১) **পরিবারকল্যাণ:** পরিবারের স্বাস্থ্য, শিক্ষা, আর্থিক স্থিতিশীলতা ও সামাজিক নিরাপত্তা নিশ্চিত করা। পরিবার পরিকল্পনা, পুষ্টি ও সুষ্ঠু জীবনধারার জন্য সচেতনতা বৃদ্ধির উদ্যোগ এবং পারিবারিক কল্যাণ কার্যক্রমের মাধ্যমে পরিবারের সদস্যদের সামগ্রিক উন্নয়ন নিশ্চিত করা।

(১২) **দুর্যোগ ব্যবস্থাপনা:** প্রাকৃতিক ও মানবসৃষ্ট দুর্যোগের পূর্বসতর্কতা, প্রস্তুতি, ত্রাণ ও পুনর্বাসন কার্যক্রম পরিচালনা। ক্ষতিগ্রস্তদের আশ্রয়, খাদ্য, স্বাস্থ্যসেবা ও মানসিক সহায়তা প্রদান এবং পুনর্বাসন ও পুনর্নির্মাণে কার্যকর পদক্ষেপ নিয়ে টেকসই সমাজ গঠন নিশ্চিত করা।

(১৩) **স্বাস্থ্য শিক্ষা ও সেবা:** জনসাধারণের স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি, প্রাথমিক চিকিৎসা ও রোগনিরাময় সেবা প্রদান। স্বাস্থ্য পরীক্ষণ, টিকা, পুষ্টি ও মা-শিশু স্বাস্থ্যসেবা নিশ্চিত করা এবং স্বাস্থ্যের উপর শিক্ষামূলক কার্যক্রম ও প্রশিক্ষণের মাধ্যমে স্বাস্থ্যকর জীবনধারা গড়ে তোলা।

(১৪) **পরিবেশ সংরক্ষণ ও সামাজিক বনায়ন:** প্রাকৃতিক পরিবেশের সুরক্ষা, বায়ু ও পানি দূষণ নিয়ন্ত্রণ ও বনাঞ্চল সংরক্ষণ। সামাজিক বনায়ন, গাছরোপণ ও পরিবেশ সচেতনতা বৃদ্ধির মাধ্যমে টেকসই বাসস্থান নিশ্চিত করা এবং স্থানীয় কমিউনিটি ও শিশু-কিশোরদের পরিবেশ শিক্ষার মাধ্যমে দায়িত্বশীল সমাজ গড়ে তোলা।

(১৫) **আইনগত শিক্ষা ও সহায়তা:** জনসাধারণকে আইনের জ্ঞান, অধিকার ও কর্তব্য সম্পর্কে সচেতন করা। আইনি পরামর্শ, প্রতিকার ও সহায়তা প্রদান এবং বিশেষ করে সুবিধাবঞ্চিত, শিশু ও নারী-প্রবীণদের জন্য আইনগত সহায়তার মাধ্যমে ন্যায়বিচার ও সামাজিক নিরাপত্তা নিশ্চিত করা।

(১৬) **মাদকাসক্তদের চিকিৎসা ও পুনর্বাসন:** মাদকাসক্তদের নিরাময়, পুনর্বাসন ও মনস্তাত্ত্বিক সহায়তা প্রদান। স্বাস্থ্যসেবা, শিক্ষামূলক কার্যক্রম ও দক্ষতা উন্নয়নের মাধ্যমে তাদের স্বাবলম্বী ও সমাজে পুনঃঅন্তর্ভুক্তি নিশ্চিত করা এবং মাদকমুক্ত জীবনধারার জন্য সচেতনতা বৃদ্ধি ও প্রতিরোধমূলক উদ্যোগ গ্রহণ।

(১৭) **প্রান্তিক ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর উন্নয়ন:** সামাজিক ও অর্থনৈতিকভাবে প্রান্তিক ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর শিক্ষা, স্বাস্থ্য, কর্মসংস্থান ও ক্ষমতায়ন নিশ্চিত করা এবং

পৃষ্ঠা ৮ থেকে ২০

মৌলিক চাহিদা পূরণ, সামাজিক অন্তর্ভুক্তি ও জীবনমান উন্নয়নের মাধ্যমে তাদের স্বাবলম্বী ও মর্যাদাপূর্ণ জীবন প্রতিষ্ঠা করা।

(১৮) **সমাজকল্যাণ সংস্থাসমূহের সমন্বয় ও প্রশিক্ষণ:** বিভিন্ন সমাজকল্যাণ সংস্থা ও প্রকল্পের কার্যক্রমে সমন্বয় নিশ্চিত করা। কর্মী, স্বেচ্ছাসেবক ও স্থানীয় কমিউনিটিকে দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ ও ক্ষমতায়ন প্রদান এবং উন্নয়নমূলক কার্যক্রমে কার্যকরী সহযোগিতা ও অভিজ্ঞতা বিনিময় বৃদ্ধি করা।

(১৯) **শিশুশ্রম রোধ ও শিশু অধিকার রক্ষা:** শিশুশ্রম প্রতিরোধ ও শিশু অধিকার সংরক্ষণ নিশ্চিত করা। শিশুদের শিক্ষা, সুরক্ষা ও মানসিক বিকাশে সহায়তা প্রদান। আইনগত পদক্ষেপ, সচেতনতা কর্মসূচি ও সম্প্রদায়ভিত্তিক উদ্যোগের মাধ্যমে শিশুদের নিরাপদ ও মর্যাদাপূর্ণ পরিবেশ তৈরি করা।

(২০) **আয়বর্ধক কর্মসংস্থান:** সুবিধাবঞ্চিত ও তরুণদের জন্য স্থায়ী ও আয়বর্ধক চাকরি ও উদ্যোক্তা সুযোগ সৃষ্টি। দক্ষতা উন্নয়ন, প্রশিক্ষণ ও ব্যবসায়িক সহায়তার মাধ্যমে স্বাবলম্বী জীবন নিশ্চিত করা এবং স্থানীয় ও জাতীয় পর্যায়ে অর্থনৈতিক সক্ষমতা বৃদ্ধি করে টেকসই উন্নয়নে অবদান রাখা।

(২১) **দারিদ্র্য বিমোচন এবং টেকসই উন্নয়ন:** দারিদ্র্যপীড়িত জনগোষ্ঠীর জন্য আয়উন্নয়ন, শিক্ষা, স্বাস্থ্য ও সামাজিক নিরাপত্তা নিশ্চিত করা। স্থানীয় সম্পদ ব্যবহার, দক্ষতা উন্নয়ন ও পরিবেশ সচেতনতা বৃদ্ধির মাধ্যমে টেকসই উন্নয়ন নিশ্চিত করা এবং আর্থ-সামাজিকভাবে শক্তিশালী ও স্বাবলম্বী সমাজ গড়ে তোলা।

(২২) **জলবায়ু পরিবর্তন মোকাবিলা ও পরিবেশ রক্ষা:** জলবায়ু পরিবর্তনের প্রভাব হ্রাস ও প্রাকৃতিক পরিবেশ সংরক্ষণে কার্যক্রম গ্রহণ। নবায়নযোগ্য শক্তি, দূষণ নিয়ন্ত্রণ ও সচেতনতা বৃদ্ধির মাধ্যমে টেকসই জীবনধারা নিশ্চিত করা এবং স্থানীয় কমিউনিটি ও শিশু-কিশোরদের পরিবেশ সচেতন করে দায়িত্বশীল সমাজ গড়ে তোলা।

(২৩) **শিক্ষা ও প্রশিক্ষণ:** সকল বয়সের মানুষকে মানসম্মত শিক্ষা ও দক্ষতা উন্নয়নের সুযোগ প্রদান। পেশাদারী প্রশিক্ষণ, জীবনদক্ষতা ও নেতৃত্ব বিকাশের মাধ্যমে স্বাবলম্বী ও যোগ্য নাগরিক তৈরি করা এবং শিক্ষার মাধ্যমে সামাজিক ও অর্থনৈতিক উন্নয়নে অবদান রাখা।

(২৪) **ডিজিটাল সেবা ও প্রযুক্তি ব্যবহার:** সামাজিক ও অর্থনৈতিক কার্যক্রমে ডিজিটাল প্রযুক্তি ও ই-সেবা ব্যবহার সম্প্রসারিত করা। তথ্যপ্রবাহ, শিক্ষা, স্বাস্থ্য ও অর্থনৈতিক কার্যক্রমে প্রযুক্তির সুবিধা নিশ্চিত করা এবং ডিজিটাল দক্ষতা বৃদ্ধি ও অন্তর্ভুক্তি মাধ্যমে কার্যকর, স্বচ্ছ ও টেকসই সেবা প্রদান করা।

(২৫) **গ্রামীণ ও শহর উন্নয়ন:** গ্রামীণ ও শহরে এলাকার অবকাঠামো, জীবনমান ও সামাজিক সুযোগ-সুবিধা উন্নয়ন। স্বচ্ছ পানি, স্যানিটেশন, নিরাপদ আশ্রয় ও পরিবহণ সুবিধা নিশ্চিত করা এবং স্থানীয় সম্পদ ব্যবহার ও কমিউনিটি অংশগ্রহণের মাধ্যমে টেকসই ও সমন্বিত উন্নয়ন নিশ্চিত করা।

(২৬) **অর্থনৈতিক উন্নয়ন ও উদ্যোক্তা সেবা:** স্থানীয় ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর জন্য আয়সৃষ্টি, ব্যবসায়িক প্রশিক্ষণ ও উদ্যোক্তা সহায়তা প্রদান। ক্ষুদ্র, মাঝারি ও মহিলা উদ্যোক্তাদের জন্য ঋণ, পরামর্শ ও বিপণন সেবা নিশ্চিত করা এবং অর্থনৈতিক সক্ষমতা বৃদ্ধি করে টেকসই উন্নয়ন ও স্বাবলম্বী সমাজ গড়ে তোলা।

(২৭) **বিশেষায়িত ইনস্টিটিউশন ও সার্ভিসেস:** সুবিধাবঞ্চিত, প্রতিবন্ধী, প্রবীণ ও শিশুদের জন্য বিশেষায়িত শিক্ষা, স্বাস্থ্য, পুনর্বাসন ও কল্যাণমূলক সেবা প্রদান। দক্ষ পেশাদার ও প্রশিক্ষিত কর্মী দ্বারা কার্যক্রম পরিচালনা করে মানসম্পন্ন ও টেকসই সহায়তা নিশ্চিত করা এবং সমাজের সংবেদনশীল ও প্রান্তিক জনগোষ্ঠীর সার্বিক উন্নয়নে অবদান রাখা।

(২৮) **সামাজিক সচেতনতা ও প্রচারাভিযান:** জনগণকে স্বাস্থ্য, শিক্ষা, পরিবেশ, আইন ও সামাজিক অধিকারের বিষয়ে সচেতন করা। প্রচারাভিযান, কর্মশালা ও কমিউনিটি কার্যক্রমের মাধ্যমে মানসিকতা পরিবর্তন ও সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করা এবং সামাজিক ন্যায্যতা, দায়িত্বশীলতা ও টেকসই উন্নয়ন নিশ্চিত করতে প্রচেষ্টা বৃদ্ধি করা।

(২৯) **নৈতিকতা ও মূল্যবোধ সংরক্ষণ:** পরিবার, শিক্ষা প্রতিষ্ঠান ও সমাজের সম্মিলিত প্রচেষ্টায় নৈতিকতা ও মূল্যবোধ রক্ষা করা এবং নৈতিক শিক্ষা, ধর্মীয় অনুশাসন ও সামাজিক সচেতনতা বৃদ্ধির মাধ্যমে দায়িত্বশীল প্রজন্ম ও সুশৃঙ্খল সমাজ গড়ে তোলা।

৩৮। ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস এর আওতাভুক্ত প্রজেক্ট বা প্রোগ্রামসমূহ

লক্ষ্যভুক্ত জনগোষ্ঠীর টেকসই উন্নয়ন ও আর্থ-সামাজিক জীবনমানের উন্নয়নের লক্ষ্যে ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস এর আওতায় সেক্টরভিত্তিক বিভিন্ন প্রজেক্ট বা প্রোগ্রামসমূহ পরিকল্পিতভাবে পরিচালনা ও বাস্তবায়ন করা হবে। উক্ত প্রজেক্ট বা প্রোগ্রামসমূহ নিম্নরূপ:

(১) কমিউনিটি সোস্যাল সার্ভিসেস (CSS): কমিউনিটি সোশ্যাল সার্ভিসেস (CSS) একটি সমন্বিত মানবিক উন্নয়নভিত্তিক প্ল্যাটফর্ম, যার মূল লক্ষ্য হলো দেশের প্রত্যন্ত, অনগ্রসর, সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীকে প্রয়োজনভিত্তিক সেবা প্রদান এবং একটি টেকসই, নিরাপদ ও সুশৃঙ্খল সমাজ গঠনে সক্রিয় অবদান রাখা। সমাজের বিভিন্ন স্তরের জনগণ তাদের চাহিদা অনুযায়ী নির্দিষ্ট সেবায় যুক্ত হতে পারবে। কমিউনিটি সোশ্যাল সার্ভিসেস (CSS) এর আওতায় রেজিস্ট্রেশন ও সাবস্ক্রিপশনসমূহ নিম্নরূপ:

ক্রম	প্রজেক্ট বা প্রোগ্রামের নাম	কোড নম্বর	নির্ধারিত ফি (BDT)	ফি পরিশোধের ধরন
(১)	স্মার্ট শিক্ষা, গবেষণা এবং উদ্ভাবন প্রোগ্রাম	SERIP	প্রযোজ্য ক্ষেত্রে	এককালীন,অফেরতযোগ্য
(২)	নিরাপদ খাদ্য ও পুষ্টি উন্নয়ন প্রোগ্রাম	SFNDP	প্রযোজ্য ক্ষেত্রে	এককালীন,অফেরতযোগ্য
(৩)	স্মার্ট কৃষি শিল্প উন্নয়ন ও কৃষক সচেতনতা প্রোগ্রাম	SAIDFAP	প্রযোজ্য ক্ষেত্রে	এককালীন,অফেরতযোগ্য
(৪)	জাতীয় পর্যায়ের মানবিক সহায়তা প্রোগ্রাম	NHSP	প্রযোজ্য ক্ষেত্রে	এককালীন,অফেরতযোগ্য
(৫)	নিরাপদ পানি ও স্যানিটেশন প্রোগ্রাম	SWSP	প্রযোজ্য ক্ষেত্রে	এককালীন,অফেরতযোগ্য
(৬)	পরিবেশ উন্নয়ন ও জলবায়ু ঝুঁকি মোকাবেলা প্রোগ্রাম	EDCRP	প্রযোজ্য ক্ষেত্রে	এককালীন,অফেরতযোগ্য

(২) সাসটেইনেবল ডেভেলপমেন্ট পলিসি (SDP): সামাজিক ও অর্থনৈতিক ক্ষেত্রে টেকসই উন্নয়নের লক্ষ্যে ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস এর আওতায় সাসটেইনবল ডেভেলপমেন্ট পলিসির অন্তর্ভুক্ত বিভিন্ন প্রজেক্ট বা প্রোগ্রাম পরিচালনা ও বাস্তবায়ন করতে পারবে। প্রজেক্ট বা প্রোগ্রামসমূহ নিম্নরূপ:

ক্রম	প্রজেক্ট বা প্রোগ্রামের নাম	কোড নম্বর	নির্ধারিত ফি (BDT)	ফি পরিশোধের ধরন
(১)	আর্থ-সামাজিক উন্নয়নে সেলাই মেশিন সহায়তা প্রোগ্রাম	SMASDP	সর্বনিম্ন: ৪,৫০০/- এবং সর্বোচ্চ: ৯,০০০/-	এককালীন,অফেরতযোগ্য
(২)	স্মার্ট হেলথ সার্ভিসেস প্রোগ্রাম	SHSP	সর্বনিম্ন: ৩,৫০০/- এবং সর্বোচ্চ: ৭,০০০/-	এককালীন,অফেরতযোগ্য
(৩)	স্যানিটারি ল্যাট্রিন প্রোগ্রাম	SLP	সর্বনিম্ন: ৭,৫০০/- এবং সর্বোচ্চ: ১৫,০০০/-	এককালীন,অফেরতযোগ্য
(৪)	আর্থ-সামাজিক উন্নয়নে ল্যাপটপ সহায়তা প্রোগ্রাম	LAPSD	সর্বনিম্ন: ১২,৫০০/- এবং সর্বোচ্চ: ২৫,০০০/-	এককালীন,অফেরতযোগ্য
(৫)	স্মার্ট সোলার সিস্টেম প্রোগ্রাম	SSSP	সর্বনিম্ন: ৭,৫০০/- এবং সর্বোচ্চ: ১৫,০০০/-	এককালীন,অফেরতযোগ্য
(৬)	ডিপ টিউবওয়েল প্রোগ্রাম	DTP	সর্বনিম্ন: ১৫,৫০০/- এবং সর্বোচ্চ: ৩১,০০০/-	এককালীন,অফেরতযোগ্য
(৭)	স্মার্ট ভলান্টিয়ার সার্ভিসেস প্রোগ্রাম	SVSP	সর্বনিম্ন: ৩,৫০০/- এবং সর্বোচ্চ: ৭,০০০/-	এককালীন,অফেরতযোগ্য

(৩) ওয়েলফেয়ার এডুকেশন সার্ভিসেস প্রোগ্রাম: প্রতিষ্ঠান বা সংস্থা শিক্ষাক্ষেত্রে ন্যায্যতা, সুযোগ ও গুণগতমান নিশ্চিত করার লক্ষ্যে বিভিন্ন স্তরের শিক্ষার্থীদের জন্য শ্রেণিভিত্তিক ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস এর আওতায় ওয়েলফেয়ার এডুকেশন সার্ভিসেস প্রোগ্রামের অন্তর্ভুক্ত বিভিন্ন প্রজেক্ট বা প্রোগ্রাম পরিচালনা ও বাস্তবায়ন করতে পারবে। এতে শিক্ষার্থী, অভিভাবক ও শিক্ষা প্রতিষ্ঠান বা সংস্থাসমূহ উপকৃত হবে। এ লক্ষ্যে, প্রতিটি সদস্যদের জন্য প্রজেক্ট বা প্রোগ্রাম ভিত্তিক এককালীন ও অফেরতযোগ্য রেজিস্ট্রেশন ফি এবং বার্ষিক সাবস্ক্রিপশন ফি নির্ধারণ করা হয়েছে। প্রজেক্ট বা প্রোগ্রামসমূহ নিম্নরূপ:

ক্রম	প্রজেক্ট বা প্রোগ্রামের নাম	কোড নম্বর	নির্ধারিত ফি (BDT)	ফি পরিশোধের ধরন
(১)	প্রাইমারি এডুকেশন সার্ভিসেস প্রোগ্রাম	শিশু শ্রেণি - ৫ম শ্রেণি	সর্বনিম্ন: ২,৫০০/- এবং সর্বোচ্চ: ৫,০০০/-	এককালীন,অফেরতযোগ্য
(২)	হায়ার সেকেন্ডারি এডুকেশন সার্ভিসেস প্রোগ্রাম	৬ষ্ঠ - ১২তম শ্রেণি	সর্বনিম্ন: ৫,৫০০/- এবং সর্বোচ্চ: ১১,০০০/-	এককালীন,অফেরতযোগ্য
(৩)	হায়ার এডুকেশন সার্ভিসেস প্রোগ্রাম	বিশ্ববিদ্যালয়	সর্বনিম্ন: ৭,৫০০/- এবং সর্বোচ্চ: ১৫,০০০/-	এককালীন,অফেরতযোগ্য

(৪) স্মার্ট এগ্রিকালচার প্রোগ্রাম: ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস এর আওতায় কৃষি খাতে টেকসই উন্নয়ন ও গ্রামীণ কৃষির অবকাঠামোগত সমস্যার সমাধানে স্মার্ট এগ্রিকালচার প্রোগ্রামের অন্তর্ভুক্ত আধুনিক কৃষি প্রযুক্তি সম্প্রসারণ, জলবায়ু সহনশীল নতুন জাতের ফসল উদ্ভাবন, ডিজিটাল কৃষি তথ্যব্যবস্থা গড়ে তোলা, গ্রামীণ কৃষি অবকাঠামো উন্নয়ন, অর্গানিক ফার্মিং প্রসার, ক্ষুদ্র কৃষকের অর্থায়ন, কৃষিপণ্যের বাজার সংযোগ ও রপ্তানি বৃদ্ধি সহায়ক কার্যক্রমসহ বিভিন্ন প্রকার প্রজেক্ট বা প্রোগ্রাম গ্রহণ ও বাস্তবায়ন করা হবে। প্রজেক্ট বা প্রোগ্রামসমূহ নিম্নরূপ:

ক্রম	প্রজেক্ট বা প্রোগ্রামের নাম	কোড নম্বর	নির্ধারিত ফি (BDT)	ফি পরিশোধের ধরন
(১)	মিশ্র ফল চাষ প্রকল্প	MFCP	সর্বনিম্ন: ৫,৫০০/- এবং সর্বোচ্চ: ১১,০০০/-	এককালীন,অফেরতযোগ্য
(২)	মিশ্র সবজি চাষ প্রকল্প	MVCP	সর্বনিম্ন: ৩,৫০০/- এবং সর্বোচ্চ: ৭,০০০/-	এককালীন,অফেরতযোগ্য
(৩)	ধান চাষ প্রকল্প	PCP	সর্বনিম্ন: ৪,৫০০/- এবং সর্বোচ্চ: ৯,০০০/-	এককালীন,অফেরতযোগ্য

পৃষ্ঠা ৯ থেকে ২০

(৪)	মাশরুম চাষ প্রকল্প	MCP	সর্বনিম্ন: ৫,৫০০/- এবং সর্বোচ্চ: ১১,০০০/-	এককালীন,অফেরতযোগ্য
(৫)	মৌ চাষ প্রকল্প	BKP	সর্বনিম্ন: ৮,৫০০/- এবং সর্বোচ্চ: ১৭,০০০/-	এককালীন,অফেরতযোগ্য
(৬)	মৎস্য চাষ প্রকল্প	FFP	সর্বনিম্ন: ১৫,৫০০/- এবং সর্বোচ্চ: ৩১,০০০/-	এককালীন,অফেরতযোগ্য
(৭)	গাভী পালন প্রকল্প	CFP	সর্বনিম্ন: ১৫,৫০০/- এবং সর্বোচ্চ: ৩১,০০০/-	এককালীন,অফেরতযোগ্য
(৮)	ছাগল পালন প্রকল্প	GRP	সর্বনিম্ন: ৭,৫০০/- এবং সর্বোচ্চ: ১৫,০০০/-	এককালীন,অফেরতযোগ্য
(৯)	হাঁস পালন প্রকল্প	DRP	সর্বনিম্ন: ৩,৫০০/- এবং সর্বোচ্চ: ৭,৫০০/-	এককালীন,অফেরতযোগ্য
(১০)	মুরগি পালন প্রকল্প	PFP	সর্বনিম্ন: ৩,৫০০/- এবং সর্বোচ্চ: ৭,৫০০/-	এককালীন,অফেরতযোগ্য

(৫) সোস্যাল অ্যান্ড ইকোনমিক ডেভেলপমেন্ট পলিসি (SEDP): প্রতিষ্ঠান বা সংস্থা সামাজিক ও অর্থনৈতিক উন্নয়নে ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস এর আওতায় সোস্যাল অ্যান্ড ইকোনমিক ডেভেলপমেন্ট পলিসি (SEDP) এর অন্তর্ভুক্ত প্রজেক্ট বা প্রোগ্রামসমূহ গ্রহণ ও পরিচালনা করতে পারবে। প্রজেক্ট বা প্রোগ্রামসমূহ নিম্নরূপ:

ক্রম	প্রজেক্ট বা প্রোগ্রামের নাম	কোড নম্বর	নির্ধারিত ফি (BDT)	ফি পরিশোধের ধরন
(১)	ওয়েলফেয়ার হাই-টেক ইলেকট্রনিক্স বিজনেস	WHTEB	সর্বনিম্ন: ২৫,০০০/- এবং সর্বোচ্চ: ৫০,০০০/-	এককালীন,অফেরতযোগ্য
(২)	ওয়েলফেয়ার অটোমোবাইল বিজনেস	WAB	সর্বনিম্ন: ২৫,০০০/- এবং সর্বোচ্চ: ৫০,০০০/-	এককালীন,অফেরতযোগ্য
(৩)	ওয়েলফেয়ার গার্মেন্টস বিজনেস	WGB	সর্বনিম্ন: ২৫,০০০/- এবং সর্বোচ্চ: ৫০,০০০/-	এককালীন,অফেরতযোগ্য
(৪)	ওয়েলফেয়ার পার্সেল অ্যান্ড কুরিয়ার বিজনেস	WPCB	সর্বনিম্ন: ২৫,০০০/- এবং সর্বোচ্চ: ৫০,০০০/-	এককালীন,অফেরতযোগ্য
(৫)	ওয়েলফেয়ার গ্লোবাল বিগ বাজার বিজনেস	WGBBB	সর্বনিম্ন: ২৫,০০০/- এবং সর্বোচ্চ: ৫০,০০০/-	এককালীন,অফেরতযোগ্য
(৬)	ওয়েলফেয়ার ফিনটেক বিজনেস	WFB	সর্বনিম্ন: ২৫,০০০/- এবং সর্বোচ্চ: ৫০,০০০/-	এককালীন,অফেরতযোগ্য
(৭)	ওয়েলফেয়ার স্মার্ট প্রপার্টিজ বিজনেস	WSPB	সর্বনিম্ন: ২৫,০০০/- এবং সর্বোচ্চ: ৫০,০০০/-	এককালীন,অফেরতযোগ্য
(৮)	স্মার্ট সফটওয়্যার সলিউশন বিজনেস	SSSB	সর্বনিম্ন: ২৫,০০০/- এবং সর্বোচ্চ: ৫০,০০০/-	এককালীন,অফেরতযোগ্য
(৯)	ওয়েলফেয়ার ট্রেডিং বিজনেস	WTB	সর্বনিম্ন: ২০,০০০/- এবং সর্বোচ্চ: ৪০,০০০/-	এককালীন,অফেরতযোগ্য
(১০)	ওয়েলফেয়ার আইসিটি বিজনেস	WICTB	সর্বনিম্ন: ২০,০০০/- এবং সর্বোচ্চ: ৪০,০০০/-	এককালীন,অফেরতযোগ্য
(১১)	ওয়েলফেয়ার রাইড শেয়ারিং বিজনেস	WRSB	সর্বনিম্ন: ২০,০০০/- এবং সর্বোচ্চ: ৪০,০০০/-	এককালীন,অফেরতযোগ্য
(১২)	ওয়েলফেয়ার ইকো-ট্যুরিজম বিজনেস	WETB	সর্বনিম্ন: ২০,০০০/- এবং সর্বোচ্চ: ৪০,০০০/-	এককালীন,অফেরতযোগ্য
(১৩)	ওয়েলফেয়ার এগ্রো-ট্যুরিজম বিজনেস	WATB	সর্বনিম্ন: ২০,০০০/- এবং সর্বোচ্চ: ৪০,০০০/-	এককালীন,অফেরতযোগ্য
(১৪)	স্মার্ট প্রেস অ্যান্ড প্রিন্টিং বিজনেস	SPPB	সর্বনিম্ন: ২০,০০০/- এবং সর্বোচ্চ: ৪০,০০০/-	এককালীন,অফেরতযোগ্য
(১৫)	ওয়েলফেয়ার স্মার্ট টেকনোলজি বিজনেস	WSTB	সর্বনিম্ন: ২০,০০০/- এবং সর্বোচ্চ: ৪০,০০০/-	এককালীন,অফেরতযোগ্য
(১৬)	ওয়েলফেয়ার ডিলারশিপ বিজনেস বিজনেস	WDB	সর্বনিম্ন: ১৫,০০০/- এবং সর্বোচ্চ: ৩০,০০০/-	এককালীন,অফেরতযোগ্য
(১৭)	ওয়েলফেয়ার এক্সেসরিজ বিজনেস	WAB	সর্বনিম্ন: ১৫,০০০/- এবং সর্বোচ্চ: ৩০,০০০/-	এককালীন,অফেরতযোগ্য
(১৮)	স্মার্ট মোবাইল এক্সেসরিজ বিজনেস	SMAB	সর্বনিম্ন: ১৫,০০০/- এবং সর্বোচ্চ: ৩০,০০০/-	এককালীন,অফেরতযোগ্য
(১৯)	ওয়েলফেয়ার সুপারশপ বিজনেস	WSB	সর্বনিম্ন: ১৫,০০০/- এবং সর্বোচ্চ: ৩০,০০০/-	এককালীন,অফেরতযোগ্য
(২০)	ওয়েলফেয়ার অ্যাফিলিয়েট মার্কেটিং বিজনেস	WAMB	সর্বনিম্ন: ১৫,০০০/- এবং সর্বোচ্চ: ৩০,০০০/-	এককালীন,অফেরতযোগ্য
(২১)	ওয়েলফেয়ার স্মার্ট মার্চেন্ট বিজনেস	WSMB	সর্বনিম্ন: ১৫,০০০/- এবং সর্বোচ্চ: ৩০,০০০/-	এককালীন,অফেরতযোগ্য
(২২)	স্মার্ট কমিউনিটি সোশ্যাল বিজনেস	SCSB	সর্বনিম্ন: ১৫,০০০/- এবং সর্বোচ্চ: ৩০,০০০/-	এককালীন,অফেরতযোগ্য

(৬) পভার্টি এলিভিয়েশন পলিসি (Muldhan): প্রতিষ্ঠান বা সংস্থা দারিদ্য বিমোচন ও টেকসই উন্নয়নের লক্ষ্যে ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস আওতায় পভার্টি এলিভিয়েশন পলিসি (Muldhan) এর অন্তর্ভুক্ত বিভিন্ন প্রকার প্রজেক্ট বা প্রোগ্রাম গ্রহণ ও বাস্তবায়ন করতে পারবে। প্রজেক্ট বা প্রোগ্রামসমূহ নিম্নরূপ:

ক্রম	প্রজেক্ট বা প্রোগ্রামের নাম	কোড নম্বর	নির্ধারিত ফি (BDT)	ফি পরিশোধের ধরন
(১)	ক্ষুদ্র উদ্যোক্তাদের নগদ মূলধন সহায়তা প্রোগ্রাম	CCSEP	সর্বনিম্ন: ৭,৫০০/- এবং সর্বোচ্চ: ১৫,০০০/-	এককালীন,অফেরতযোগ্য
(২)	স্মার্ট উদ্যোক্তার খোঁজে প্রোগ্রাম	SUKP	সর্বনিম্ন: ১০,৫০০/- এবং সর্বোচ্চ: ২১,০০০/-	এককালীন,অফেরতযোগ্য
(৩)	খরচ কমাই প্রোগ্রাম	KKP	সর্বনিম্ন: ১১,৫০০/- এবং সর্বোচ্চ: ২৩,০০০/-	এককালীন,অফেরতযোগ্য
(৪)	স্মার্ট পাহাড় বাজার প্রোগ্রাম	SPBP	সর্বনিম্ন: ১২,৫০০/- এবং সর্বোচ্চ: ২৫,০০০/-	এককালীন,অফেরতযোগ্য
(৫)	চলেন স্মার্ট ব্যবসা করি প্রোগ্রাম	CSBKP	সর্বনিম্ন: ১৩,৫০০/- এবং সর্বোচ্চ: ২৭,০০০/-	এককালীন,অফেরতযোগ্য
(৬)	আমাদের স্মার্ট গ্রিণ ভ্যালি প্রোগ্রাম	ASGVP	সর্বনিম্ন: ১৪,৫০০/- এবং সর্বোচ্চ: ২৯,০০০/-	এককালীন,অফেরতযোগ্য

(৭) সংগঠন অন্তর্ভুক্তকরণ কমিউনিটি (OIC): পিছিয়ে পড়া জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন এবং তৃণমূল পর্যায়ের অবকাঠামোগত উন্নয়ন নিশ্চিত করতে ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস এর আওতায় সংগঠন অন্তর্ভুক্তকরণ কমিউনিটি (OIC) এর মাধ্যমে বিভিন্ন প্রকল্প ও কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন করা হবে। OIC এর মাধ্যমে তৃণমূল জনগোষ্ঠীর অংশগ্রহণমূলক উন্নয়ন, অর্থনৈতিক স্বনির্ভরতা ও টেকসই সমাজ গড়ে তোলা হবে। প্রজেক্ট বা প্রোগ্রামসমূহ নিম্নরূপ:

ক্রম	প্রজেক্ট বা প্রোগ্রামের নাম	কোড নম্বর	নির্ধারিত ফি (BDT)	ফি পরিশোধের ধরন
(১)	ইউনিয়ন ভিত্তিক সংগঠন অন্তর্ভুক্তিকরণ	IUO	সর্বনিম্ন: ৭,৫০০/- এবং সর্বোচ্চ: ১৫,০০০/-	এককালীন,অফেরতযোগ্য
(২)	উপজেলা ভিত্তিক সংগঠন অন্তর্ভুক্তিকরণ	IUO	সর্বনিম্ন: ১৫,০০০/- এবং সর্বোচ্চ: ৩০,০০০/-	এককালীন,অফেরতযোগ্য
(৩)	জেলা ভিত্তিক সংগঠন অন্তর্ভুক্তিকরণ	IDO	সর্বনিম্ন: ৩০,০০০/- এবং সর্বোচ্চ: ৬০,০০০/-	এককালীন,অফেরতযোগ্য
(৪)	বিভাগ ভিত্তিক সংগঠন অন্তর্ভুক্তিকরণ	IDO	সর্বনিম্ন: ৫০,০০০/- এবং সর্বোচ্চ: ১,০০,০০০/-	এককালীন,অফেরতযোগ্য
(৫)	জাতীয় পর্যায় সংগঠন অন্তর্ভুক্তিকরণ	INO	সর্বনিম্ন: ৭৫,০০০/- এবং সর্বোচ্চ: ১,৫০,০০০/-	এককালীন,অফেরতযোগ্য
(৬)	আন্তর্জাতিক পর্যায় সংগঠন অন্তর্ভুক্তিকরণ	IIO	সর্বনিম্ন: ১,৫০,০০০/- এবং সর্বোচ্চ: ৩,০০,০০০/-	এককালীন,অফেরতযোগ্য

(৮) শিক্ষা, গবেষণা ও সুফিবাদভিত্তিক কার্যক্রম পরিচালনা: ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস এর আওতায় শিক্ষা, গবেষণা ও সুফিবাদভিত্তিক কার্যক্রম পরিচালনার জন্য স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়, গবেষণা প্রতিষ্ঠান এবং সুফিজম ইনস্টিটিউশন গঠন ও পরিচালনা করা হবে। প্রতিষ্ঠান বা সংস্থার শিক্ষা, গবেষণা ও সুফিবাদভিত্তিক কার্যক্রমসমূহ নিম্নরূপ:

(১) আধুনিক ও কারিগরি শিক্ষা প্রদানের জন্য স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয় স্থাপন ও পরিচালনা করতে পারবে।

(২) গবেষণার জন্য আলাদা প্রতিষ্ঠান তৈরি ও বিভিন্ন গবেষণা কার্যক্রম পরিচালনা করতে পারবে।

(৩) সুফিজম ইনস্টিটিউশন গঠন করে সুফিবাদভিত্তিক শিক্ষা, প্রশিক্ষণ, গবেষণা ও মানবিক উন্নয়ন কার্যক্রম পরিচালনা করতে পারবে।

(৪) শিক্ষা ও গবেষণার মাধ্যমে দারিদ্র্য দূর করা, কর্মসংস্থান তৈরি করা এবং টেকসই উন্নয়ন নিশ্চিত করতে পারবে।

(৫) স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়, গবেষণা প্রতিষ্ঠান এবং সুফিজম ইনস্টিটিউশন গঠন ও পরিচালনায় সরকার, আন্তর্জাতিক সংস্থা, দাতা সংস্থা এবং বেসরকারি প্রতিষ্ঠান সহযোগিতা প্রদান করবে এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বা সংস্থা সমন্বয় করবে।

(৯) ট্যুরিজম বিজনেস কার্যক্রম পরিচালনা: প্রতিষ্ঠান বা সংস্থা অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক পর্যটন বিকাশ, বিদেশি পর্যটক আকৃষ্টকরণ এবং প্রান্তিক জনগোষ্ঠীর বিভিন্ন প্রকার আয়ের উৎস তৈরির লক্ষ্যে ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস এর আওতায় ট্যুরিজম বিজনেস পরিচালনা করতে পারবে। প্রতিষ্ঠান বা সংস্থা প্রাকৃতিক, সাংস্কৃতিক, ঐতিহাসিক, ধর্মীয় ও ইকো-ট্যুরিজম গন্তব্যভিত্তিক ভ্রমণ প্যাকেজ, গাইডলাইন, পরিবহন, আবাসন, তথ্যসেবা, খাবার ও নিরাপত্তাসহ পর্যটন-সম্পর্কিত সার্বিক সেবা প্রদান

পৃষ্ঠা ১০ থেকে ২০

করতে পারবে। স্থানীয় জনগণ, ক্ষুদ্র উদ্যোক্তা ও গন্তব্যভিত্তিক কমিউনিটিকে সম্পৃক্ত করে টেকসই পর্যটন উন্নয়ন, কর্মসংস্থান সৃষ্টি এবং সামাজিক-সাংস্কৃতিক সংহতিতে ভূমিকা রাখবে। এই ব্যবসায় দেশি-বিদেশি বিনিয়োগকারী, পর্যটন সংস্থা, গাইড ট্রেনিং ইনস্টিটিউট, দাতা সংস্থা, পরিবহন ও হোটেল ব্যবস্থাপনা প্রতিষ্ঠান বা সংস্থার সহায়তায় যৌথ উদ্যোগ, প্রযুক্তি, প্রশিক্ষণ এবং যেকোনো পরিমাণ ও যেকোনো প্রকার বিনিয়োগ, অনুদান, ঋণ, শেয়ার বিনিয়োগ ও প্রযুক্তি, কারিগরি সহায়তা গ্রহণ ও ব্যবহার এবং অংশীদারিত্বমূলক উদ্যোগ গ্রহণ করতে পারবে।

৩৯। ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস এর আওতাভুক্ত কমিউনিটি ভিত্তিক রেজিস্ট্রেশন ও সাবস্ক্রিপশন সদস্য ফি কাঠামো

ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস এর আওতায় বিভিন্ন প্রকল্প, কর্মসূচি ও কার্যক্রম পরিচালনা ও বাস্তবায়নে বিভিন্ন কমিউনিটি অংশগ্রহণ করতে পারবে। এ ক্ষেত্রে অংশগ্রহণকারীর পেশা, বয়স, সামাজিক অবস্থা ও কার্যক্রমভিত্তিক নির্ধারিত রেজিস্ট্রেশন ও সাবস্ক্রিপশন ফি কাঠামো অনুসারে অন্তর্ভুক্ত হতে পারবে। উক্ত কাঠামোর আওতায় নির্ধারিত কমিউনিটি সদস্যদের জন্য রেজিস্ট্রেশন ও সাবস্ক্রিপশন ফি নির্ধারণ করা হয়েছে। কমিউনিটি ভিত্তিক রেজিস্ট্রেশন ও সাবস্ক্রিপশন ক্যাটাগরিসমূহ নিম্নরূপ:

ক্রম	কমিউনিটি ভিত্তিক রেজিস্ট্রেশন ও সাবস্ক্রিপশন ক্যাটাগরি	কোড	রেজিস্ট্রেশন ফি	সাবস্ক্রিপশন ফি			
			৫ বছর	১০ বছর	১৫ বছর	২০ বছর	২৫ বছর
(১)	Welfare Community Member	WCM	৫০০/-	১,০০০/-	১,৫০০/-	২,০০০/-	২,৫০০/-
(২)	Welfare Students Community	WSC	৫০০/-	১,০০০/-	১,৫০০/-	২,০০০/-	২,৫০০/-
(৩)	Welfare Farmer Community	WFC	৫০০/-	১,০০০/-	১,৫০০/-	২,০০০/-	২,৫০০/-
(৪)	Welfare Employee Community	WEC	৫০০/-	১,০০০/-	১,৫০০/-	২,০০০/-	২,৫০০/-
(৫)	Welfare Entrepreneur Community	WEC	৭৫০/-	১,৫০০/-	২,২৫০/-	৩,০০০/-	৩,৭৫০/-
(৬)	Welfare Affiliate Marketer Community	WAMC	১,০০০/-	২,০০০/-	৩,০০০/-	৪,০০০/-	৫,০০০/-
(৭)	Welfare Direct Seller Community	WDSC	১,২৫০/-	২,৫০০/-	৩,৭৫০/-	৫,০০০/-	৬,২৫০/-
(৮)	Welfare Family Management	WFM	১,৫০০/-	৩,০০০/-	৪,৫০০/-	৬,০০০/-	৭,৫০০/-

৪০। ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস কার্যক্রমের আওতায় উদ্যোক্তা সহায়তা তহবিল

(১) দারিদ্র্য বিমোচন ও টেকসই উন্নয়নের লক্ষ্যে প্রতিষ্ঠান বা সংস্থার বিভিন্ন খাত থেকে অর্জিত মুনাফা ব্যবহার করে ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস এর আওতায় উদ্যোক্তা সহায়তা তহবিল গঠন ও পরিচালনা করা হবে। এই তহবিল উদ্যোক্তা সৃষ্টির সহায়তা, কর্মসংস্থান বৃদ্ধি এবং স্থানীয় অর্থনৈতিক উন্নয়ন নিশ্চিত করবে।

(২) **রেজিস্ট্রেশন প্রক্রিয়া:** আগ্রহী ব্যক্তি বা গোষ্ঠীকে নিচের যেকোনো পদ্ধতিতে স্বেচ্ছায় স্বপ্রোণদিত হয়ে নির্ধারিত এককালীন, অফেরতযোগ্য রেজিস্ট্রেশন ফি ও সাবস্ক্রিপশন ফি প্রদানের মাধ্যমে নিবন্ধিত হতে হবে। My Welfare App ব্যবহার করে অথবা welfarebd.org ওয়েবসাইটের মাধ্যমে অথবা প্রতিষ্ঠান অনুমোদিত অন্যান্য Software, Website অথবা Mobile Apps এর মাধ্যমে অথবা প্রতিষ্ঠান বা সংস্থা নির্ধারিত অন্যান্য আধুনিক প্রযুক্তি ভিত্তিক মাধ্যম ব্যবহার করে।

(৩) **আর্থিক সহায়তার উৎস:** নিবন্ধিত ব্যক্তিরা নিম্নোক্ত উৎসসমূহ থেকে নগদ অর্থ সহায়তা পাওয়ার যোগ্য হবে। যথা:

(ক) দেশি ও বিদেশি সরকারি ও বেসরকারি সাহায্যপুষ্ট দাতাগোষ্ঠীর দান-অনুদান, বিনিয়োগ, ঋণ, প্রকল্প বা স্কিম ভিত্তিক বরাদ্দ।

(খ) প্রতিষ্ঠান বা সংস্থা কর্তৃক জারিকৃত গেজেট বিজ্ঞপ্তি অনুযায়ী নির্ধারিত সহায়তা।

(গ) ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস ও আওতাভুক্ত প্রকল্প, কর্মসূচি ও কার্যক্রমের আওতায় পরিচালিত ও অর্জিত লভ্যাংশের নির্ধারিত অংশ হতে প্রাপ্ত অর্থ।

(৪) আর্থিক সহায়তা প্রাপ্তি ও বিতরণ প্রক্রিয়া:

(ক) সহায়তা প্রাপ্তির জন্য নিবন্ধন বাধ্যতামূলক।

(খ) সহায়তা প্রদানের ক্ষেত্রে নির্ধারিত মানদন্ড ও প্রতিষ্ঠান কর্তৃক ঘোষিত নীতিমালা অনুসরণ করা হবে।

(গ) সহায়তা সরাসরি প্রাপকের ব্যাংক অ্যাকাউন্ট বা মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস (যেমন: বিকাশ, নগদ ইত্যাদি)-এর মাধ্যমে পাঠানো হবে।

৪১। প্রোডাক্ট, পরিষেবা ও নগদ অর্থ বরাদ্দ বিতরণ কাঠামো

প্রতিষ্ঠান বা সংস্থার ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস কার্যক্রমের আওতায় স্বেচ্ছায় স্বপ্রোণদিত হয়ে এককালীন, অফেরতযোগ্য রেজিস্ট্রেশন ফি ও সাবস্ক্রিপশন ফি প্রদানপূর্বক নির্ধারিত সময়ের জন্য নিবন্ধিত হলে সদস্যগণ বর্ণিত উৎসসমূহের সহায়তায় গৃহীত প্রকল্প, স্কিম বা কর্মসূচির আওতায় প্রোডাক্ট ও পরিষেবা গ্রহণে অগ্রাধিকার পাবে। নিবন্ধিত সদস্যগণ প্রাপ্ত হবে দেশি ও বিদেশি সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, জাতীয় ও আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী সংস্থা, এনজিও, কোম্পানি ও কর্পোরেট প্রতিষ্ঠান, কমিউনিটি সদস্য, নিবন্ধিত ব্যক্তি ও সহযোগী প্রতিষ্ঠানসমূহ হতে প্রাপ্ত বিভিন্ন প্রকার দান ও অনুদান (নন-রিফান্ডেবল), বিনিয়োগ (আয় বা লাভ প্রত্যাশিত), ঋণ (ফেরতযোগ্য চুক্তিভিত্তিক অর্থ), দেশি-বিদেশি সরকারি ও বেসরকারি সাহায্যপুষ্ট দাতাগোষ্ঠীর সহায়তা, বরাদ্দপ্রাপ্ত প্রকল্প, স্কিম বা কর্মসূচি এই সকল সহায়তার আওতায় প্রতিষ্ঠান প্রদত্ত প্রোডাক্ট ও পরিষেবাসমূহের সুবিধা নিবন্ধিত সদস্যগণ গ্রহণ করতে পারবে, প্রযোজ্য নীতিমালা, চুক্তি ও শর্তসাপেক্ষে। উল্লেখ্য যে, বরাদ্দ বিতরণে স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয়ক্রমে অথবা প্রতিষ্ঠান বা সংস্থার নিজস্ব অনুমোদিত বিতরণ কাঠামো অনুসরণ করা হবে। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রকল্প, কর্মসূচি বা কার্যক্রমের গাইডলাইন, শর্তাবলী ও ধরন অনুযায়ী বরাদ্দ প্রদান সম্পাদিত হবে।

৪২। প্রকল্প, কর্মসূচি ও কার্যক্রমভিত্তিক বোনাস বিতরণ পদ্ধতি

(১) **প্রচলিত বোনাস:** প্রতিষ্ঠান বা সংস্থার রেজিস্ট্রেশন ও সাবস্ক্রিপশন গাইডলাইন অনুযায়ী, ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস কার্যক্রমের আওতাভুক্ত প্রকল্প ও কর্মসূচিতে অংশগ্রহণকারী সদস্যদের জন্য লাভ-লোকসানের ভিত্তিতে বোনাস প্রদান করা হবে। উক্ত বোনাস প্রতি ১৮ (আঠার) মাস অন্তর সর্বমোট ১০ (দশ) বার এককালীন ভিত্তিতে প্রদেয় হবে (প্রযোজ্য ক্ষেত্রে)। বোনাসের অর্থ ডিজিটাল ই-ভ্যালু সার্ভিসেস অথবা Welfare Rewards Program-এর মাধ্যমে ব্যবস্থাপনা করা হবে এবং তা প্রতি ৫ (পাঁচ) বছর অন্তর সর্বমোট ৩ (তিন) বার উত্তোলনের যোগ্য হবে।

(২) **বিলম্ব বোনাস:** দেশের রাজনৈতিক অস্থিতিশীলতা, প্রাকৃতিক দুর্যোগ, মহামারি বা অন্যান্য অনিবার্য কারণে পরিষেবা বিতরণে বিলম্ব হলে, রেজিস্ট্রেশন বা সাবস্ক্রিপশনধারী সদস্য স্বেচ্ছায় আবেদন করলে প্রচলিত নিয়ম অনুযায়ী বিলম্ব বোনাস প্রদান করা হবে (প্রযোজ্য ক্ষেত্রে)। উক্ত বোনাস উপধারা (৩) (ক)-এ বর্ণিত নিয়ম অনুযায়ী সম্পাদিত হবে। তবে কোনো সদস্য নির্ধারিত সময়ে আবেদন করতে ব্যর্থ হলে, তিনি পরবর্তী সময়ে বরাদ্দ প্রাপ্তির ভিত্তিতে পর্যায়ক্রমে প্রোডাক্ট, পরিষেবা অথবা নগদ অর্থ গ্রহণ করতে পারবে।

(৩) বিশেষ দিকনির্দেশনা:

(ক) বোনাস সংক্রান্ত সব তথ্য ডিজিটালভাবে সংরক্ষিত থাকবে এবং সদস্যগণ নির্দিষ্ট ওয়েব পোর্টাল বা অ্যাপ ব্যবহার করে তথ্য যাচাই ও আবেদন করতে পারবে।

(খ) সদস্যদের বোনাস সংক্রান্ত সকল কার্যক্রম নীতিমালার আওতায় নিরীক্ষা ও তদারকির মধ্যে রাখা হবে।

(গ) বোনাস সংক্রান্ত নিয়মাবলির যেকোনো পরিবর্তন বা হালনাগাদ প্রতিষ্ঠানের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

৪৩। ওয়েলফেয়ার কমিউনিটি ভিত্তিক সদস্যদের ডিসকাউন্ট সুবিধা

প্রতিষ্ঠান বা সংস্থা কর্তৃক পরিচালিত বিভিন্ন প্রকল্প, কর্মসূচি ও কার্যক্রমের আওতায় ওয়েলফেয়ার কমিউনিটি ভিত্তিক সদস্যরা তাদের সদস্যপদ বজায় রাখার মাধ্যমে বিভিন্ন ধরনের সেবা ও সুবিধায় বিশেষ ডিসকাউন্ট পাবে। এর উদ্দেশ্য হবে: সদস্যদের সক্রিয় অংশগ্রহণ ও সম্পৃক্ততা বৃদ্ধি করা এবং সদস্যদের জন্য আর্থিকভাবে সহজলভ্য সেবা নিশ্চিত করা এবং কমিউনিটির ভেতরে পারস্পরিক সহযোগিতা ও স্বনির্ভরতা গড়ে তোলা। সম্ভাব্য ডিসকাউন্ট সুবিধার ক্ষেত্রসমূহ:

(১) **শিক্ষা ও প্রশিক্ষণ**: কোর্স ফি, ডিজিটাল ট্রেনিং, কারিগরি প্রশিক্ষণে ছাড়।

(২) **স্বাস্থ্যসেবা ও পুষ্টি**: স্বাস্থ্য ক্যাম্প, টেলিমেডিসিন, ওষুধ এবং ল্যাব টেস্টে বিশেষ ছাড়।

(৩) **কৃষি ও উৎপাদন**: কৃষি উপকরণ, বীজ, সার ও যন্ত্রপাতিতে ডিসকাউন্ট।

(৪) **উদ্যোক্তা ও কর্মসংস্থান**: ক্ষুদ্রঋণ, ব্যবসা সহায়তা ও উদ্যোক্তা প্রশিক্ষণ খরচে ছাড়।

(৫) **পর্যটন, সংস্কৃতি ও ক্রীড়া**: স্থানীয় ট্যুর, সাংস্কৃতিক অনুষ্ঠান ও ক্রীড়া কার্যক্রমে বিশেষ সুবিধা।

(৬) **ডিজিটাল সেবা**: ই-লার্নিং, অনলাইন কনসালটেশন ও প্রযুক্তি সেবায় ডিসকাউন্ট।

(৭) **নিয়মাবলি:**

ক) ডিসকাউন্ট সুবিধা কেবল বৈধ সদস্য আইডি প্রদর্শনের মাধ্যমে প্রযোজ্য হবে।

পৃষ্ঠা ১১ থেকে ২০

খ) বিভিন্ন সেবা খাতভেদে ছাড়ের হার আলাদা হতে পারে (যেমন ৫%-৩০%)।

গ) বার্ষিক সাবস্ক্রিপশন ফি প্রদানের মাধ্যমে সুবিধা কার্যকর থাকবে।

অষ্টম অধ্যায়
সদস্যপদ গ্রহণ, স্থগিতকরণ, বাতিল ও পুনঃনবায়ন

৪৪। কমিউনিটি ভিত্তিক সদস্যপদের যোগ্যতা

(১) প্রতিষ্ঠান বা সংস্থার আদর্শ, লক্ষ্য ও উদ্দেশ্য, গঠনতন্ত্র ও সকল নীতিমালার প্রতি পূর্ণ আনুগত্য প্রদর্শন করতে হবে, যা সংস্থার মৌলিক মূল্যবোধের প্রতি তার প্রতিশ্রুতিকে নিশ্চিত করবে।

(২) দেশ বা বিদেশের প্রাপ্তবয়স্ক নাগরিক, অথবা সুফলভোগী যেকোনো ছাত্র-ছাত্রী তার অভিভাবকের লিখিত অনুমতি বা মৌখিক সম্মতির ভিত্তিতে স্বেচ্ছায় প্রকল্পভিত্তিক সদস্যপদে অন্তর্ভুক্ত হতে পারবে।

(৩) সদস্যদেরকে নির্ধারিত এককালীন অফেরতযোগ্য রেজিস্ট্রেশন ফি এবং নির্দিষ্ট মেয়াদের জন্য সাবস্ক্রিপশন ফি প্রদান করতে হবে।

৪৫। সদস্য নবায়ন, স্থগিতকরণ ও বাতিল

(১) সদস্যপদ নবায়ন:

(ক) নির্ধারিত মেয়াদ শেষে প্রতিটি সদস্যকে নির্ধারিত প্রক্রিয়া অনুসরণপূর্বক সদস্যপদ নবায়ন করতে হবে।

